# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের ২য় বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ১৩ এপ্রিল, ২০২১
সময় : সকাল ১১-০০ টা
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

উপস্থিতি : সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি কোভিড-১৯ পরিস্থিতিতে ঢাকা সেনানিবাসের সার্বিক পরিস্থিতি মূল্যায়নপূর্বক ক্যান্টনমেন্ট বোর্ডের সীমিত জনবল দিয়ে সুচারুভাবে নাগরিক সেবা নিশ্চিত করায় সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক প্রচেষ্টার ও অবদানের প্রশংসা করেন এবং মহান আল্লাহর নিকট শুকরিয়া আদায় করেন। একই সংগে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জনাব মোহাম্মদ গোলাম কিবরিয়ার বদলীজনিত কারণে এটিই তাঁর শেষ বোর্ডসভা বিধায় বোর্ডের পক্ষে তাঁর সততা, কর্তব্যনিষ্ঠা ও বোর্ডের প্রতি দায়িত্ববোধের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপস্থাপিত আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

আলোচ্যবিষয়-১: ১০ মার্চ, ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

আলোচনা: গত ১০ মার্চ, ২০২১ তারিখে অনুষ্ঠিত ২০২১ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য মেজর রাশেদ মাহমুদ, আর্টিলারী, এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান, এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা ২০২১ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

সিদ্ধান্ত: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০২১ সালের ১ম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

আলোচ্যবিষয়-২: ফেব্রুয়ারি ও মার্চ-২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ফেব্রুয়ারি, ২০২১ মাসে ১,০৮,৮৪,২৭২/- (এক কোটি আট লক্ষ চুরাশি হাজার দুইশত বাহাত্তর) টাকা এবং মার্চ, ২০২১ মাসে ৯৬,৫৯,৮৯৭/- (ছিয়ানব্বই লক্ষ উনষাট হাজার আটশত সাতানব্বই) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০২০-২০২১ অর্থ বছরের প্রাক্কলিত আয় ২০,৭১,১৮,০০০/- (বিশ কোটি একাত্তর লক্ষ আঠার হাজার) টাকার বিপরীতে মার্চ, ২০২১ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২২,৩৪,৩০,৮১৪/- (বাইশ কোটি চৌত্রিশ লক্ষ ত্রিশ হাজার আটশত চৌদ্দ) টাকা, যা মোট দাবীর ১০৭.৮৭%। রেভিনিউ কালেকশন অটোমেশন করার কার্যক্রম ত্বরান্বিত করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত: ফেব্রুয়ারি ও মার্চ-২০২১ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যবিষয়-৩: ফেব্রুয়ারি ও মার্চ-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা:

৩.১: স্থানীয় আয়ের উৎস হতে ফেব্রুয়ারি, ২০২১ মাসে ২,২০,৩১,৮৪৯/- (দুই কোটি বিশ লক্ষ একত্রিশ হাজার আটশত উনপঞ্চাশ) টাকা এবং মার্চ, ২০২১ মাসে ২,৪৭,৪০,৩৩৯/- (দুই কোটি সাতচল্লিশ লক্ষ চল্লিশ হাজার তিনশত উনচল্লিশ) টাকা আয় হয়েছে।

৩.২: মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ফেব্রুয়ারি, ২০২১ মাসে ২২,০৫,৪২,৩৪৮/- (বাইশ কোটি পাঁচ লক্ষ বিয়াল্লিশ হাজার তিনশত আটচল্লিশ) টাকা এবং মার্চ, ২০২১ মাসে ১৯,৪১,৩৯,৫৬০/- (উনিশ কোটি একচল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার পাঁচশত ষাট) টাকা।

৩.৩: অপরদিকে ফেব্রুয়ারি, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৫,১২,২৮,৪৫৮/- (পাঁচ কোটি বার লক্ষ আটাশ হাজার চারশত আটান্ন) টাকা এবং মার্চ, ২০২১ মাসে সর্বমোট ব্যয় ৬,৫৫,৯৬,৫২৭/- (ছয় কোটি পঞ্চান্ন লক্ষ ছিয়ানব্বই হাজার পাঁচশত সাতাশ) টাকা।

সিদ্ধান্ত: ফেব্রুয়ারি ও মার্চ-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত ফ্ল্যাটসমূহ নামজারীর অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-১৫/সি, ফ্ল্যাট নং-২/বি (২য় তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ ফারুক খান (স্বয়ং এবং কানতারা খালেদা খান ও কারীনা খালেদা খান এর পক্ষে নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী নং-১৫/সি, ফ্ল্যাট নং-২বি, রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | মিসেস আসিফা বেগম চৌধুরী, স্বামী-মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বিবি, ওএসপি, পিএসসি (অবঃ) বাসা নং-১৫/সি, ফ্ল্যাট নং-২/বি(২য় তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-০৯ মার্চ ২০২১ | ২৫ জুন ২০২০ তারিখের ২৩.০১.৯০১.৮০ ০.০২.১২১.০১.১ ৯৬৭.২৫০৬.২০ নং পত্র। | ১৯ আগস্ট ২০২০ তারিখের ২৩.২২.৭০০১ .০১৬ .০৫.০০৫.২০ ২০.প্ল.১৫সি. ফ্ল্যা.২বি-৮১৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ৩৪২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, ০২ (দুই) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত / অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| ২. | বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৬, (৩য় তলা দক্ষিণ-পূর্ব), রোড নং-৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | মিসেস রাবেয়া হক স্বামী- শরীফ সামসুল হক বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৬, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | (১) শরীফ সুরাইয়া হক স্বামী-ইশরাক শাবীব (২) শরীফ পারিসা হক, স্বামী-আব্দুল্লাহ আল ফয়সাল উভয়ের পিতা-শরীফ সামসুল হক, বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৬, রোড নং-০৪ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-২৪/২/২০২১ | ডিক্লারেশন অব হেবা | ১৮ নভেম্বর ২০২০ তারিখের ২৩.২২.৭০০১ .০১৬.০৫.০০ ৫.০৪.প্ল.২৩. ফ্ল্যা.৬-১১৬৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বর্গফুট, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ সহ। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

আলোচনা: ৪.১: **প্লট# ১৫/সি, রোড # ০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, জমির পরিমাণঃ ৮৭৬০ বর্গফুট (১২.১৭ কাঠা), ৭(সাত) তলা ভবন, ফ্ল্যাট সংখ্যাঃ ১২টি।**
**৩৪২৫ বঃফুঃ আয়তন বিশিষ্ট ২বি (২য় তলা দক্ষিণ-পূর্ব) নং ফ্ল্যাট, ০২(দুই) টি কারপার্কিং ও আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ বিক্রয়/হস্তান্তর দলিলমূলে নামজারী অনুমতি।**

ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডের ৮৭৬০ বর্গফুট বা ১২.১৭ কাঠা জমি বিশিষ্ট ১৫/সি নং প্লটে নির্মিত ০৭(সাত) তলা বাড়ীর ২য় তলার দক্ষিণ-পূর্ব পার্শ্বের ৩৪২৫ বর্গফুট আয়তন বিশিষ্ট ২বি নং ফ্ল্যাট, ০২(দুই)টি কারপার্কিং স্থান, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সাধারণ সুবিধাদিসহ মালিক জনাব মুহাম্মদ ফারুক খান (স্বয়ং এবং কানতারা খালেদা খান ও কারীনা খালেদা খান এর পক্ষে নিযুক্তীয় আম-মোক্তার)। মালিক কর্তৃক উক্ত ফ্ল্যাটটি মিসেস আসিফা বেগম চৌধুরী, স্বামী-মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বিবি, ওএসপি, পিএসসি (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৯ অক্টোবর ২০২০ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৫.০০৫.২০২০.প্ল.১৫সি. ফ্ল্যা.২বি-১১১২ নং পত্রের মাধ্যমে রেজিস্ট্রি দলিল সম্পাদনের জন্য অনুমতি প্রদান করা হয়। পরবর্তীতে উক্ত রেজিস্ট্রি দলিল ভুল হওয়ায় সংশোধনের জন্য ২৬ জানুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬.০৫.০০৫. ২০২০.প্ল.১৫সি. ফ্ল্যা.২বি-১৪৮১ নং পত্র প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব মুহাম্মদ ফারুক খান (স্বয়ং এবং কানতারা খালেদা খান ও কারীনা খালেদা খান এর পক্ষে নিযুক্তীয় আম-মোক্তার)। উক্ত ফ্ল্যাট, ০২(দুই)টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সাধারণ সুবিধাদিসহ মিসেস আসিফা বেগম চৌধুরী, স্বামী-মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বিবি, ওএসপি, পিএসসি (অবঃ) এর নামে সংশোধিত রেজিস্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিক মিসেস আসিফা বেগম চৌধুরী রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁর নামে নামজারী করার জন্য অত্র দপ্তরে আবেদন করেন।

৪.২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২৩ নং প্লটে নির্মিত ০৬(ছয়) তলা বাড়ীর ৩য় তলার দক্ষিণ-পূর্ব পার্শ্বের ১৩৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট ০৬ নং ফ্ল্যাট, এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ ক্রয়সূত্রে মালিক মিসেস রাবেয়া হক, স্বামী-শরীফ সামসুল হক। তিনি উক্ত ফ্ল্যাটটি তাঁর ০২(দুই) মেয়ে (১) শরীফ সুরাইয়া হক, স্বামী-ইশরাক শাবীব ও (২) শরীফ পারিসা হক, স্বামী-আব্দুল্লাহ আল ফয়সাল, উভয়ের পিতা-জনাব শরীফ সামসুল হক এর নামে যৌথভাবে হেবা/দান করার অনুমতি আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২১ জানুয়ারি ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৬. ০৫.০০৫. ০৪.প্ল.২৩.ফ্ল্যা.৬-১৪৫৮নং পত্রের মাধ্যমে হেবা/দানপত্র দলিল রেজিষ্ট্রি করার জন্য অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে মিসেস রাবেয়া হক উক্ত ফ্ল্যাট, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সাধারণ সুবিধাদিসহ তাঁর ০২(দুই) মেয়েকে হেবা/দানপত্র দলিল রেজিষ্ট্রি করে দেন। অতঃপর ফ্ল্যাটটির হেবা/দানপত্র দলিলমূলে মালিক (১) শরীফ সুরাইয়া হক ও (২) শরীফ পারিসা হক রেজিষ্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁদের নামে নামজারী করার জন্য অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি নেই।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নিম্নবর্ণিতভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর | বিক্রেতা/দাতার নাম | গ্রহীতা/ক্রেতার নাম | ফ্ল্যাটের আয়তন ও অন্যান্য সুবিধাদি | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-১৫/সি, ফ্ল্যাট নং-২/বি (২য় তলা দক্ষিণ-পূর্ব) | জনাব মুহাম্মদ ফারুক খান (স্বয়ং এবং কানতারা খালেদা খান ও কারীনা খালেদা খান এর পক্ষে নিযুক্তীয় আম-মোক্তার) | মিসেস আসিফা বেগম চৌধুরী, স্বামী-মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বিবি, ওএসপি, পিএসসি (অবঃ) | ফ্ল্যাটের আয়তন ৩৪২৫ বঃফুঃ ০১টি ফ্ল্যাট, ০২ (দুই) টি কারপার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত / অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ। | রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা মিসেস আসিফা বেগম চৌধুরী, স্বামী-মেজর জেনারেল মিয়া মোহাম্মদ জয়নুল আবেদীন, বিবি, ওএসপি এর নামে নামজারীর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। |
| ২. | বাড়ী নং-২৩, ফ্ল্যাট নং-৬, (৩য় তলা দক্ষিণ-পূর্ব) | মিসেস রাবেয়া হক স্বামী- শরীফ সামসুল হক | (১) শরীফ সুরাইয়া হক স্বামী-ইশরাক শাবীব (২) শরীফ পারিসা হক, স্বামী-আব্দুল্লাহ আল ফয়সাল উভয়ের পিতা-শরীফ সামসুল হক, মাতা- রাবেয়া হক | ফ্ল্যাটের আয়তন ১৩৫০ বর্গফুট, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সুবিধাসহ সহ। | রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিলমূলে গ্রহীতা (১) শরীফ সুরাইয়া হক স্বামী-ইশরাক শাবীব (২) শরীফ পারিসা হক, স্বামী-আব্দুল্লাহ আল ফয়সাল উভয়ের পিতা-শরীফ সামসুল হক, মাতা- রাবেয়া হক এর নামে যৌথনামে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো। |

আলোচ্যবিষয়-৫: মহাখালী সদর এলাকায় ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত একতলা বাড়ীর যৌথ মালিকগণের মধ্যে মোছাঃ সাহানা বেগম মৃত্যুবরণ করায় তাঁর অংশটুকু উত্তরাধিকারসূত্রে ০২(দুই) ছেলের নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীর যৌথ মালিক যথাক্রমে (১) মোসাম্মৎ আনোয়ারা বেগম, স্বামী-মরহুম এম এফ করিম (২) জনাব মোঃ আনিসুর রহমান (৩) জনাব মোঃ মাসুদুর রহমান (৪) মোসাম্মৎ সাহানা বেগম ও (৫) মোসাম্মৎ লায়লা আরজু মান্দ বানু, সর্বপিতা- মরহুম এম এফ করিম। উক্ত যৌথ মালিকগণের মধ্যে মোসাম্মৎ সাহানা বেগম, স্বামী-আনোয়ারুল কবির চৌধুরী ১৯ মার্চ ২০১৪ তারিখে মৃত্যুবরণ করেছেন। মৃত্যুকালে তিনি স্বামী-আনোয়ারুল কবির চৌধুরী ও ০২(দুই) পুত্র জনাব মনজুরুল কবির চৌধুরী এবং মিনহাজুল কবির চৌধুরী ওয়ারিশ রেখে যান। পরবর্তীতে স্বামী-আনোয়ারুল কবির চৌধুরী ১৬ মে ২০১৯ তারিখে মৃত্যুবরণ করেন। উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মোসাম্মৎ সাহানা বেগম এর অংশটুকু উত্তরাধিকারী হিসেবে তাঁর দুই পুত্র জনাব মনজুরুল কবির চৌধুরী এবং মিনহাজুল কবির চৌধুরী এর নামে নামজারী করার জন্য ওয়ারিশন সনদপত্রসহ ০৫ নভেম্বর ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। আবেদনের বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তাঁর দুই পুত্রের নামে নামজারী করতে কোন আইনগত বাধা নেই মর্মে মতামত প্রদান করেছেন। এমতাবস্থায় উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মোসাম্মৎ সাহানা বেগম এর অংশটুকু উত্তরাধিকারী হিসেবে তাঁর দুই পুত্র জনাব মনজুরুল কবির চৌধুরী এবং মিনহাজুল কবির চৌধুরী এর নামে নামজারীর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ৪৪ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিকগণের মধ্যে মোসাম্মৎ সাহানা বেগম এর মৃত্যুজনিত কারণে তাঁর অংশটুকু মরহুমার উত্তরাধিকারী হিসেবে তাঁর দুই পুত্র জনাব মনজুরুল কবির চৌধুরী এবং মিনহাজুল কবির চৌধুরী এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৬: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং মহাখালী সদর এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত প্লটসমূহে নির্মিত বাড়ী/ফ্ল্যাট বিক্রয় হস্তান্তরের নিমিত্ত হস্তান্তর অনুমতি ফি বৃদ্ধিকরণের বিষয়ে ১০ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭ নং সিদ্ধান্ত সংশোধন প্রসংগে।

আলোচনা: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং মহাখালী সদর এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে সর্বোচ্চ ডাককারীকে ৯৯ (নিরানববই) বছর এবং ৩০(ত্রিশ) বছর মেয়াদে প্লট ইজারা প্রদান করা হয়। উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর/ফ্ল্যাটসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ২৭ সেপ্টেম্বর ২০০০ তারিখের অনুমোদিত নীতিমালার আলোকে বিক্রয়/হস্তান্তর অনুমতি কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে। উক্ত বিক্রয়/হস্তান্তর অনুমতি এবং নামজারী ফি অনুমোদিত নীতিমালার আলোকে আদায় করা হয়। প্লট ও প্লটে নির্মিত বাড়ী/ফ্ল্যাটসমূহের বিক্রয়/হস্তান্তর/নামজারী ফি বৃদ্ধির বিষয়টি ১০ মার্চ ২০২১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৭ এর মাধ্যমে উপস্থাপন করা হলে নিম্নোক্ত হারে ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃনং | ফ্ল্যাট/বাড়ীর বিবরণ | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রস্তাবিত হার |
|---|---|---|
| ১. | ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ফি | প্রতি বর্গফুট ৪০/-(চল্লিশ) টাকা হারে |
| ২. | বাড়ীসহ প্লট হস্তান্তর অনুমতি ফি | ১.২৫ কাঠা বা ৯০০ বর্গফুট প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ৫০,০০০/-টাকা |
| | | ৯০১ বর্গফুট হতে ২৮৮০ বর্গফুট বা ০৪(চার) কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ১,৫০,০০০/-টাকা |
| | | ২৮৮১ বর্গফুট হতে ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ২,৫০,০০০/-টাকা এবং ৭.৫৬ কাঠার অতিরিক্ত প্লটের জন্য ন্যূনতম প্রতি কাঠা ভগ্নাংশের জন্য ৫০,০০০/- টাকা অতিরিক্ত প্রদান করতে হবে। |
| ৩. | নামজারি ফি | **ফ্ল্যাটঃ** বিক্রয়ের ক্ষেত্রে-২০০০/-টাকা, হেবার ক্ষেত্রে ১০০০/-টাকা<br>**বাড়ীসহঃ** বিক্রয়ের ক্ষেত্রে (বাণিজ্যিক)১০,০০০/-টাকা (৯০০ বঃফুঃ পর্যন্ত) আবাসিক-১০,০০০/-টাকা, হেবার ক্ষেত্রে ৩০০০/-টাকা। |

উপরোক্ত ছক অনুযায়ী বাড়ীসহ প্লট হস্তান্তর অনুমতির ফি'র ন্যূনতম ধাপটি সংশোধন করা প্রয়োজন যা নিম্নোক্তভাবে প্রদত্ত হলোঃ

| ক্রঃনং | ফ্ল্যাট/বাড়ীর বিবরণ | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রস্তাবিত হার |
|---|---|---|
| ১. | ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ফি | প্রতি বর্গফুট ৪০/-(চল্লিশ) টাকা হারে |
| ২. | বাড়ীসহ প্লট হস্তান্তর অনুমতি ফি | ১.২৫ কাঠা বা ৯০০ বর্গফুট প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ৫০,০০০/-টাকা |
| | | ৯০১ বর্গফুট হতে ২৮৮০ বর্গফুট বা ০৪(চার) কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ১,০০,০০০/-টাকা |
| | | ২৮৮১ বর্গফুট হতে ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ১,৫০,০০০/-টাকা এবং ৭.৫৬ কাঠার অতিরিক্ত প্লটের জন্য ন্যূনতম প্রতি কাঠা ভগ্নাংশের জন্য ৫০,০০০/- টাকা অতিরিক্ত প্রদান করতে হবে। |
| ৩. | নামজারি ফি | **ফ্ল্যাটঃ** বিক্রয়ের ক্ষেত্রে- ২০০০/-টাকা, হেবার ক্ষেত্রে-১০০০/-টাকা<br>**বাড়ীসহঃ** বিক্রয়ের ক্ষেত্রে- (বাণিজ্যিক)১০,০০০/-টাকা (৯০০ বঃফুঃ পর্যন্ত) আবাসিক-১০,০০০/-টাকা, হেবার ক্ষেত্রে- ৩০০০/-টাকা। |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং মহাখালী সদর এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ইজারাকৃত প্লটসমূহে নির্মিত বাড়ী/ফ্ল্যাট বিক্রয় হস্তান্তরের নিমিত্ত হস্তান্তর অনুমতি ফি নিম্নবর্ণিত হারে নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রঃনং | ফ্ল্যাট/বাড়ীর বিবরণ | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রস্তাবিত হার |
|---|---|---|
| ১. | ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ফি | প্রতি বর্গফুট ৪০/-(চল্লিশ) টাকা হারে |
| ২. | বাড়ীসহ প্লট হস্তান্তর অনুমতি ফি | ১.২৫ কাঠা বা ৯০০ বর্গফুট প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ৫০,০০০/-টাকা |
| | | ৯০১ বর্গফুট হতে ২৮৮০ বর্গফুট বা ০৪(চার) কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ১,০০,০০০/-টাকা |
| | | ২৮৮১ বর্গফুট হতে ৫৪৪৫ বর্গফুট বা ৭.৫৬ কাঠা পর্যন্ত প্লটের জন্য প্রতি বর্গফুট ৪০/-টাকা ন্যূনতম ১,৫০,০০০/-টাকা এবং ৭.৫৬ কাঠার অতিরিক্ত প্লটের জন্য ন্যূনতম প্রতি কাঠা ভগ্নাংশের জন্য ৫০,০০০/- টাকা অতিরিক্ত প্রদান করতে হবে। |
| ৩. | নামজারি ফি | **ফ্ল্যাটঃ** বিক্রয়ের ক্ষেত্রে- ২০০০/-টাকা, হেবার ক্ষেত্রে-১০০০/-টাকা<br>**বাড়ীসহঃ** বিক্রয়ের ক্ষেত্রে- (বাণিজ্যিক)১০,০০০/-টাকা (৯০০ বঃফুঃ পর্যন্ত) আবাসিক-১০,০০০/-টাকা, হেবার ক্ষেত্রে- ৩০০০/-টাকা। |

আলোচ্যবিষয়-৭: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিন এর বকেয়া ভাড়া আদায় ও ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের (ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল) অবস্থিত ক্যান্টিনের ইজারা মেয়াদ বৃদ্ধি ও ভাড়া পরিশোধের বিষয়ে মেজর কামরান হামিদ পিএসসি (অবঃ) এর ১২ জুন ২০১৮ তারিখের আবেদনপত্রটি ০১ জুলাই ২০১৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে উক্ত ক্যান্টিনের মাসিক ভাড়া প্রতি বর্গফুট ৪০/-টাকা হারে মোট ৩১,৮৮০/-(একত্রিশ হাজার আটশত আশি) টাকা ভাড়ায় ইজারার মেয়াদ বৃদ্ধি এবং বকেয়া ভাড়ার ৬,৭৯,০৬৭/-টাকা হতে প্রতি মাসে ২৫,০০০/-টাকা অর্থ্যাৎ মোট (৩১৮৮০+২৫০০০)= ৫৬,৮৮০/-(ছাপ্পান্ন হাজার আটশত আশি) টাকা ভাড়া পরিশোধ সাপেক্ষে ১৮ মার্চ ২০১৮ তারিখ হতে ১৭ মার্চ ২০২১ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা মেয়াদ বৃদ্ধির সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পত্র প্রদান করা তিনি চলতি মাসের ভাড়া এবং বকেয়া হতে মাসিক ১৫,০০০/-টাকাসহ মোট ৪৬,৮৮০/-টাকা হারে মার্চ ২০২০ মাসে পরিশোধ করে তদুপরি তাঁর নিকট মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ভাড়া বাবদ ৫,৪২,৩৩০/-টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত ১,৮৪,৪৭৩/-টাকাসহ মোট (৫,৪২,৩৩০+১,৮৪,৪৭৩)= ৭,২৬,৮০৩/- (সাত লক্ষ ছাব্বিশ হাজার আটশত তিন) টাকা পাওনা রয়েছে। করোনা কালীনসময়ে অর্থাৎ মার্চ ২০২০ হতে মার্চ ২০২১ তারিখ পর্যন্ত কোন টাকা পরিশোধ না করায় তাঁর নিকট মোট ১১,২৯,১০৪/-টাকা পাওনা রয়েছে। বর্তমানে উক্ত ক্যান্টিনটি বন্ধ রয়েছে। অপরদিকে ব্রিগেঃ জেনাঃ কামরুল ইসলাম ৩১ মার্চ ২০২১ তারিখের আবেদনে উক্ত ক্যান্টিন ০৫(পাঁচ) বছর মেয়াদে নির্ধারিত নিয়মে লীজ/ভাড়া প্রদানের জন্য অনুরোধ করেছেন। এমতাবস্থায় বিষয়টি আলোচনা সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত:

৭.১: বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ক্যান্টিন এর ইজারা গ্রহীতা মেজর কামরান হামিদ পিএসসি (অবঃ) এর আবেদনের প্রেক্ষিতে করোনার কারণে মার্চ, ২০২০ হতে এপ্রিল, ২০২১ পর্যন্ত সময়ের ভাড়া মওকুফ করে অবশিষ্ট পাওনা আগামী ০১(এক) মাসের মধ্যে পরিশোধের জন্য পত্র প্রেরণের প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ক্যান্টিনটি বর্তমানে বন্ধ এবং নির্ধারিত ভাড়া প্রদান না করায় তাঁর ইজারা বাতিল করতে হবে।

৭.২: আবেদনকারী ব্রিগেঃ জেনাঃ কামরুল ইসলাম-কে উক্ত ক্যান্টিনটি প্রতি বর্গফুট মাসিক ৪০/- (চল্লিশ) টাকা হারে ১৩৩৮.১৬ বর্গফুট ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত ইজারা বাবদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকার নিরাপত্তা জামানত এবং ০৬(ছয়) মাসের অগ্রিম ভাড়া ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে, যা মেয়াদান্তে সমন্বয়যোগ্য।


আলোচ্যবিষয়-৮: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৪(চার)টি দোকানের সালামী এককালীন পরিশোধে ১০% রিবেটের সুযোগ প্রদানের ভূতাপেক্ষ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। ।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নিম্নবর্ণিত ০৪ (চার) টি দোকান/স্পেস ইজারার নিমিত্ত সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হয়। উক্ত দর প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের অনুমোদিত কার্যবৃত্তপত্র মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য ২৩/০২/২০২১ তারিখে ২৩.২২.৭০০১.০১৮.০১.১৯. ২৯২৪.মিশক.১৭৭১ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হলে তা ২১ মার্চ, ২০২১ তারিখে ২৩.২২. ০০০০.০১৪.৩৬.৩৩০.১৭-৪২৫ নং পত্রের মাধ্যমে অনুমোদিত হয়। দোকান ইজারা গ্রহীতাগণ বরাদ্দের নীতিমালা অনুযায়ী অনুমোদিত মোট সালামী এককালীন পরিশোধের মাধ্যমে ১০% রিবেট গ্রহণের সুযোগ প্রদানের অনুমতির জন্য অত্র দপ্তরে নিম্নেবর্ণিতভাবে আবেদন করেনঃ-

| ক্রঃ নং | তলা ও দোকান নং | অনুমোদিত ইজারা গ্রহীতার নাম | আবেদনের তারিখ | অনুমোদিত দর | ১০% রিবেট | পরিশোধিত মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৬ষ্ঠ তলা-১৮ | মিসেস ইসরাত জাহান<br>পিতা- মোঃ আবদুর রকিব | ২৩/০৩/২১ | ১৫,৫৪,৮৫০/- | ১,৫৫,৪৮৫/- | ১৩,৯৯,৩৬৫/- |
| ২. | ১ম তলা-৩৭/এ | মিসেস মোর্শেদা আক্তার শামভা<br>পিতা- একেএম মোখলেছুর রহমান | ২২/০৩/২১ | ১৫,৫০,১৪০/- | ১,৫৫,০১৪/- | ১৩,৯৫,১২৬/- |
| ৩. | ৫ম তলা- ০১ | মোঃ আজিজুর রহমান<br>পিতা- মোঃ হজরত আলী সরকার | ২২/০৩/২১ | ৩২,২৪,৯৮৫/- | ৩,২২,৪৯৮/- | ২৯,০২,৪৮৭/- |
| ৪. | ৭ম তলা- ১৮ | নওশীন জাহান<br>পিতা- মোঃ আব্দুর রাকীব | ২৩/০৩/২১ | ১৫,৭৪,১২৫/- | ১,৫৭,৪১২/- | ১৪,১৬,৭১৩/- |

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৪(চার)টি দোকানের সালামী এককালীন পরিশোধে ১০% রিবেটের সুযোগ প্রদানের ভূতাপেক্ষ অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।





আলোচ্যবিষয়-৯: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ০৫(পাঁচ)টি দোকান/স্পেস এর প্রকাশ্য নিলাম ডাকের ইজারা দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্ত ৩০/০৩/২০২১ তারিখে প্রকাশ্য নিলাম আহবান করা হলে উক্ত তারিখে নিলামে অংশ গ্রহণকারীগণের মধ্যে নিম্নবর্ণিত দোকানসমূহের পার্শ্বে বর্ণিত ডাককারীগণ প্রতিবর্গফুটের জন্য সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত হয়ঃ

| ক্র/ নং | তলা ও দোকান নং | দোকানের আয়তন | সর্বোচ্চ ডাককারীর নাম | সরকারী দর প্রতি বর্গফুট | প্রাপ্ত সর্বোচ্চ দর (প্রতি বর্গফুট) | মোট দর |
|---|---|---|---|---|---|---|
| ১. | ২য় তলা- কমার্শিয়াল স্পেস | ১৭৪৭.৫৭ | বিগেঃ জেনা: ফজলুর রশিদ (অবঃ)<br>পিতা- মৃত হারুন আল রশিদ মৃধা | ১৬,০০০/- | ১৬,১০০/- | ২,৮১,৩৫,৮৭৭/- |
| ২. | ৬ষ্ঠ তলা-০১ | ২২৯.২১ | বিগেঃ জেনা: ফজলুর রশিদ (অবঃ)<br>পিতা- মরহুম জালাল উদ্দিন আহমেদ | ১২,০০০/- | ১২,১০০/- | ২৭,৭৩,৪৪১/- |
| ৩. | ৭ম তলা- ২৩ | ১২৮.৫০ | মিসেস শাহিদা হোসেন<br>পিতা- কর্ণেল প্রফেসর মোঃ মোশারফ হোসেন (অবঃ) | ১২,০০০/- | ১২,১০০/- | ১৫,৫৪,৮৫০/- |
| ৪. | ৭ম তলা- ২৭ | ২৫১.০০ | মোঃ মেসবাহ উদ্দিন<br>রিদওয়ান আবইয়াব<br>পিতা- মেজর মোঃ রেজাউল করিম (অবঃ) | ১২,০০০/- | ১২,১০০/- | ৩০,৩৭,১০০/- |
| ৫. | ৭ম তলা- ২৮ | ২৩৬.৮১ | সাফাওয়ান আবইয়াব<br>পিতা-মেজর মোঃ রেজাউল করিম (অবঃ) | ১২,০০০/- | ১২,১০০/- | ২৮,৬৫,৪০১/- |

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ২য় তলা- কমার্শিয়াল স্পেস, ৬ষ্ঠ তলা-০১, ৭ম তলা- ২৩, ৭ম তলা- ২৭ ও ৭ম তলা- ২৮ নং দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম তলার উন্মুক্ত স্থান ভাড়া প্রদানের নিমিত্ত জনাব মোঃ মোকাররম আহমেদ, পার্টনার, জেভি ইউরো বাংলা ও ট্রাস্টফিনিটি এর ০৭ মার্চ ২০২১ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম ও ১০ম তলা সিএসডির অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত শপিং কমপ্লেক্সের ১০ম তলা সিএসডি হতে ০৪ (চার) বছরের জন্য মোঃ মোকাররম আহমেদ, পার্টনার, জেভি ইউরো বাংলা ও ট্রাষ্টফিনিটি ভাড়ার জন্য চুক্তিবদ্ধ হন। উক্ত শপিং কমপ্লেক্সের ১০ম তলার উন্মুক্ত স্থানের এক অংশে ছোট কক্ষ বানানোর জন্য সূত্রোক্ত পত্রের মাধ্যমে অত্র দপ্তরে ০৭/০৩/২০২১ তারিখে আবেদন করেছেন। উক্ত শপিং কমপ্লেক্সের সংশ্লিষ্ট আবেদন অনুযায়ী প্রকৌশল শাখা কর্তৃক সরেজমিন পরিমাপ করে ১০ম তলার উন্মুক্ত স্থানের উল্লেখিত অংশে ৬১৫.০৫ বর্গফুট পাওয়া গিয়েছে। এমতাবস্থায়, উক্ত আবেদন এবং সরেজমিন প্রতিবেদন অনুযায়ী মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ভাড়াকৃত অন্যান্য স্পেসের ন্যায় উক্ত স্থানটির ভাড়া প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১০ম তলার উন্মুক্ত স্থান ভাড়া প্রদানের বিষয়ে মতামত/সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

১. মেজর রাশেদ মাহমুদ, আর্টিলারী -- সভাপতি
এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা।

২. এন. কে. এম আখতারুল ইসলাম -- সদস্য
সহকারী নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

৩. মোঃ ওমর ফারুক -- সদস্য-সচিব
রেভিনিউ অফিসার, গ্রেড-১, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

আলোচ্যবিষয়-১১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস/ফ্লোর ইজারা/বরাদ্দের নীতিমালা সংশোধনের নিমিত্ত সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ০৪ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.০০০০.০১৪. ৩৬.৩৩০.১৭-৩৫৮ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস/ফ্লোর ইজারা/বরাদ্দের নীতিমালা- ২০২০ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাসে অত্র দপ্তর হতে ১৯ অক্টোবর, ২০২০ তারিখে ২৩.২২.৭০০১.১৬.০২২.২০.মিডিশক.জেনাঃ/৬-১০৯৫ নং পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের আলোকে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস কর্তৃক ০৪ মার্চ ২০২১ তারিখে ২৩.২২.০০০০.০১৪.৩৬.৩৩০.১৭-৩৫৮ নং পত্রে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নীতিমালা সংক্রান্ত বিষয়ে নিম্নবর্ণিত পর্যবেক্ষণ উল্লেখ করা হয়ঃ-

(ক) এ নীতিমালাটি মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস/ফ্লোর ইজারা/ বরাদ্দের নীতিমালা, ২০২০ নামে অভিহিত হবে।

(খ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস/ফ্লোর বরাদ্দ/ইজারা প্রদান কার্যক্রম অধিকতর প্রতিযোগিতামূলক করার লক্ষ্যে ইজরা বিজ্ঞপ্তি "০২টি বহুল প্রচারিত পত্রিকা (বাংলা ও ইংরেজি) প্রচার করতে হবে" মর্মে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস/ফ্লোর ইজারা/বরাদ্দের নীতিমালা, ২০২০ এ উল্লেখ থাকা প্রয়োজন।

(গ) দোকান/স্পেসসমূহ ১০ (দশ) বছরের ইজারার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর তদসময়ে বিদ্যমান বাজার দর বিবেচনাক্রমে যৌক্তিক হারে পুনঃ নবায়ন ফি নির্ধারণপূর্বক বোর্ডের (ঢাকা ক্যান্টমেন্ট বোর্ডের) সুপারিশের আলোকে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদন মোতাবেক ১০ (দশ) বছরের জন্য দোকান/স্পেস/ফ্লোরের ইজারা/বরাদ্দ নবায়ন করা হবে।

(ঘ) ক্যান্টনমেন্ট প্রপার্টি রুলস, ১৯৫৭ তে দোকান/স্পেস ইজারা/বরাদ্দ প্রদানের বিষয়টি অন্তর্ভূক্ত রয়েছে, কিন্তু ভাড়ার বিষয়টি উল্লেখ নেই বিধায় প্রস্তাবিত খসড়া নীতিমালায় দোকান/স্পেস/ ফ্লোর ভাড়া প্রদানের বিষয়টি সংশোধনযোগ্য।

(ঙ) প্রেরিত নীতিমালার ক্রমিক নং ১২ তে যে সকল দোকান/স্পেসসমূহ অবিক্রিত অবস্থায় থাকবে বোর্ডসভার অনুমোদন সাপেক্ষে সে সকল দোকান/স্পেসসমূহ কোন ব্যক্তি/প্রতিষ্ঠান সরকারী দর অনুযায়ী এককালীন সালামী পরিশোধের মাধ্যমে ক্রয় শর্দের পরিবর্তে বরাদ্দ/ইজারা গ্রহণ করতে চাইলে দোকানের মোট সালামীর সর্বোচ্চ ১০% অর্থ মওকুফ করা যেতে পারে মর্মে উল্লেখ করা আবশ্যক।

(চ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে ইতঃমধ্যে যে সকল দোকান/স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে সে সকল দোকান/স্পেস এর ক্ষেত্রে এ নীতিমালা কিভাবে প্রয়োগ হবে সে বিষয়টি স্পষ্টীকরণ আবশ্যক। সে সাথে ৩০ নং অনুচ্ছেদ সংশোধনযোগ্য।

(ছ) গত ১৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯ সালে ৭ম বোর্ড সভায় আলোচ্যসূচী-৫ এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সে দোকান বরাদ্দ ও ভাড়ার নীতিমালা অনুমোদিত হয় মর্মে দেখা যায়। কিন্তু ক্যান্টনমেন্ট প্রাপার্টি রুলস, ১৯৫৭ এর বিধানমতে ১০ বছর মেয়াদে মিরপুর ডিওএইচএস শপিং কমপেক্সে এর দোকান/স্পেস/ফ্লোর ইজারা/বরাদ্দের নীতিমালা, ২০২০ চূড়ান্ত অনুমোদনের এখতিয়ার সামরিক ভূমি ও ক্যান্টমেন্ট অধিদপ্তরের।

(জ) মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেস/ফ্লোর ইজারা/ বরাদ্দের নীতিমালা, ২০২০ সেনাসদরের ০৭/১১/২০১৯ তারিখের স্মারক নং- ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকি-২ এর মাধ্যমে ভেটিং করা হয় মর্মে উল্লেখ থাকলেও ভেটিং এর কপি প্রেরণ করা হয়নি, যা আবশ্যক।

এমতাবস্থায়, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নীতিমালা-২০২০ এর আলোকে উপরোক্ত সংশোধনীয় নীতিমালার মতামত সদয় অনুমোদনের জন্য উপাস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস/ফ্লোর ইজারা/বরাদ্দের প্রস্তাবিত নীতিমালায় সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ০৪ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.০০০০.০১৪. ৩৬.৩৩০.১৭-৩৫৮ নং পত্রের মতামত সন্নিবেশিত করে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার নিচতলার-১২ নং দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ারের দোকান বরাদ্দের নীতিমালার আলোকে কিউএমজি কোটার ১ম তলার-১২ নং দোকানটি কিএমজি মহোদয়ের সুপারিশের ভিত্তিতে তলা ভিত্তিক প্রাপ্ত সর্বনিম্ন দরের অর্ধেক ১৪,৮৮,৮০৩/-(চৌদ্দ লক্ষ আটাশি হাজার আটশত তিন) টাকা সালামীতে লেঃ কর্ণেল সৈয়দ হাসান ইকবাল (অবঃ)-কে ০১ জুলাই ২০১৫ তারিখ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত ১০(দশ) বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। তিনি উক্ত দোকানটি নগদ টাকার প্রয়োজনে জনাব মোঃ সালাহউদ্দিন, পিতা-মোঃ আব্দুর রশিদ সরকার, সিবি-২৫২/১, কচুক্ষেত পুরান বাজার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি চেয়ে ০৭ ডিসেম্বর ২০২০ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য দোকান বরাদ্দের নীতিমালায় নিম্নোক্ত শর্ত উল্লেখ রয়েছেঃ

> "রজনীগন্ধা টাওয়ারের সামরিক কোটার (যা কিউএমজি মহোদয়ের সুপারিশ মোতাবেক বরাদ্দ করা হবে) নির্ধারিত দোকানসমূহ বরাদ্দের ক্ষেত্রে তলা ভিত্তিক প্রাপ্ত সর্বনিম্ন দরের অর্ধেক সালামী প্রযোজ্য হবে। ধার্য সালামীর উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও উৎসকর বরাদ্দগ্রহীতা কর্তৃক পরিশোধ করতে হবে এবং অন্যান্য শর্তাবলী এই নীতিমালায় আলোকে বাস্তবায়িত হবে।"

এমতাবস্থায় উক্ত দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতির বিষয়ে লেঃ কর্ণেল সৈয়দ হাসান ইকবাল (অবঃ) এর আবেদনপত্রটি ২২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সেনাসদর, কিউএমজির শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পত্র প্রেরণ করা হলে সেনাসদর, কিউএমজির শাখা, ঢাকা সেনানিবাসের ০৫ এপ্রিল ২০২১ তারিখের ৩৯১৭/১/ক্যান্টবোর্ড-ঢাকা/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়ঃ-

> "কিউএমজি কোটার দোকান বিশেষ বিবেচনায় বরাদ্দ দেয়া হয় বিধায় অন্যান্য দোকানের ন্যায় বিক্রয়/হস্তান্তর যথাযথ নয়। যদি বিক্রয়ের একান্ত/বিশেষ প্রয়োজন হয় সেক্ষেত্রে প্রচলিত নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। তবে বিক্রয়/হস্তান্তরের পরও দোকানটি কিউএমজি কোটার দোকান হিসেবে গণ্য করার জন্য অনুরোধ করা হলো"।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে কিউএমজি কোটার দোকান হিসেবে ভবিষ্যতে উক্ত দোকানের ইজারা বাতিল হলে শুধুমাত্র মূল ইজারা মূল্য ফেরত প্রদান করা হবে এবং দোকানটি কিউএমজি কোটায় সংরক্ষিত থাকবে মর্মে ক্রেতা/বিক্রেতার হফলনামা দাখিল সাপেক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার নিচতলার-১২ নং দোকানটি বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৩: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার ৪র্থ তলার-১৬ নং দোকানের ইজারা গ্রহীতা সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) মৃত্যুবরণ করায় উত্তরাধিকারসূত্রে তাঁর স্ত্রী কল্যানী রানী কর এর নামে দোকানটি নামজারী করার অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার ৪র্থ তলার-১৬ নং দোকানটি কিউএমজি মহোদয়ের সুপারিশের ভিত্তিতে সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) কে ১/১২/২০১৪ হতে ৩০/১১/২০২৪ তারিখ পর্যন্ত ১০(দশ) বছর মেয়াদে ইজারা প্রদান প্রদান করা হয়। ইজারা গ্রহীতা সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) ২৩/৬/২০১৭ তারিখে মৃত্যুবরণ করায় ইজারা গ্রহীতার স্ত্রী কল্যানী রানী কর উক্ত দোকানটি উত্তরাধিকারসূত্রে তাঁর নামে নামজারী করার জন্য ১৬/৩/২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে উক্ত দোকানটি সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) এর স্ত্রী কল্যানী রানী কর এর নামে নামজারীতে কোন আইনগত বাধা নেই মর্মে মতামত প্রদান করে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ 'রজনীগন্ধা টাওয়ার' এর কিউএমজি কোটার ৪র্থ তলার-১৬ নং দোকানের ইজারা গ্রহীতা সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) মৃত্যুবরণ করায় উত্তরাধিকারসূত্রে তাঁর স্ত্রী কল্যানী রানী কর এর নামে দোকানটি নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৪: মিরপুর ডিওএইচএস এর ১৯৫ নং বাড়ীর মালিক মেজর চৌধুরী মোঃ খালেকুজ্জামান বীর মুক্তিযোদ্ধা হিসেবে গৃহকর মওকুফের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা: ঢাকা সেনানিবাসস্থ মিরপুর ডিওএইচএস এলাকার ১৯৫ নং বাড়ীর মালিক মেজর চৌধুরী মোঃ খালেকুজ্জামান বীর মুক্তিযোদ্ধা হিসেবে গৃহকর মওকুফ করার আবেদন করেছেন। উল্লেখ্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (সিটি কর্পোরেশন-২) এর ৩১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী "রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত, শহীদ মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাহাদের নিজস্ব বসবাসকৃত অংশের উপর হোল্ডিং কর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের বসবাসের নিজস্ব মালিকনাধীন হোল্ডিং এ অবস্থিত ইমারত বা জমির উপরস্থিত ১,০০০(এক হাজার) বর্গফুট আয়তন পর্যন্ত ফ্ল্যাটের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে না; তবে শর্ত থাকে যে মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন ইমারত বা জমির কোন অংশ বাণিজ্যিক বা ভাড়ায় বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা জমির অংশের উপর হোল্ডিং কর আরোপ করা যাইবে।" এমতাবস্থায় তাঁদের আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র অনুযায়ী প্রকৃত মুক্তিযোদ্ধা হিসেবে ১০০০(এক হাজার) বর্গফুট আয়তনের ফ্ল্যাটের হোল্ডিং কর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সরকারী নির্দেশনার আলোকে মিরপুর ডিওএইচএস এর ১৯৫ প্লটে নির্মিত বাড়ী/ফ্লাট মালিক বীর মুক্তিযোদ্ধা বিধায় নিজস্ব বসবাসকৃত অংশের ১০০০ বর্গফুট পর্যন্ত আয়তনের হোল্ডিং ট্যাক্স মওকুফের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১৫: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্ত নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত:-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | কমডোর (অবঃ) শহিদ হারুন মোঃ কলিমুল্লাহ | ৩১৯ | মিরপুর ডিওএইচএস | ২৯/০৩/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় ও ৩য় তলায় ০২ ইউনিটের পরিবর্তে ০১ ইউনিট) |
| ২। | মিসেস রাশিদা বেগম স্বামী-মরহুম উইং কমান্ডার সৈয়দ একিউএম আখতারুজ্জামান | ৩৬৪ | মিরপুর ডিওএইচএস | ২৯/০৩/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য় ও ৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৩। | মেজর জেনারেল (অবঃ) এ কে এম আবদুর রহমান | ৪৭৭ | মিরপুর ডিওএইচএস | ২৩/০৩/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৪। | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এ ওয়াই এম নাজমুল হক | ৫১৬ | মিরপুর ডিওএইচএস | ২৪/১১/২০২০ | সংশোধিত ০৮(আট) তলা (খালি প্লট) ২২/১২/২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৩৬(২)এর অনুবৃত্তিক্রমে |
| ৫। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) গোলাম মোস্তফা | ৫৩০ | মিরপুর ডিওএইচএস | ০৬/০৪/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে)। ইতোপূর্বে ৫২৮ ও ৫৩০ নং প্লটে যৌথভাবে ০৭ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। বর্তমানে ৫৩০ নং প্লট মালিক এককভাবে নকশা অত্র দপ্তরে দাখিল করেছেন। |
| ৬। | মেজর (অবঃ) জহুরুল ইসলাম | ৬৭৪ | মিরপুর ডিওএইচএস | ০৬/০৪/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা)। ইতোপূর্বে ৬৭২ ও ৬৭৪ নং প্লটে যৌথভাবে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। বর্তমানে ৬৭৪ নং প্লট মালিক এককভাবে নকশা অত্র দপ্তরে দাখিল করেছেন। |
| ৭। | লেঃ কর্নেল (অবঃ) মোঃ জাফর আহমেদ মনসুর | ৭২১ | মিরপুর ডিওএইচএস | ৩১/০৩/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৮। | মেজর জেনারেল সুসানে গীতি ও ব্রিগেঃ জেনারেল (অবঃ) আসাদুল্লাহ মোহাম্মদ হোসেন সাদ | ৯৪২ | মিরপুর ডিওএইচএস | ২৯/০৩/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে) |
| ৯। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) আবুল কালাম আজাদ | ৯৪৪ | মিরপুর ডিওএইচএস | ১০/০৩/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১০। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) মোঃ আব্দুস সালাম | ১১৪০ | মিরপুর ডিওএইচএস | ০৬/০৪/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-ফাউন্ডেশন নেই) |
| ১১। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) মোঃ আব্দুল মজিদ ভূঁইয়া | ১১৭০ | মিরপুর ডিওএইচএস | ০৬/০৪/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-ফাউন্ডেশন নেই) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) গাজী মোঃ সোলায়মান | ১২৪১ | মিরপুর ডিওএইচএস | ০৪/০৩/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে) |
| ১৩। | জনাব মোঃ আবদুল্লাহ | বি/১৫৯ ও ৩৩২ | মহাখালী ডিওএইচএস | ১১/৩/২০২১ | যৌথভাবে বেজমেন্টসহ নতুন ০৮(আট) তলা ভবন (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ১৪। | মিসেস রওশন আরা সাদেক গং | বি/১৮৫ | মহাখালী ডিওএইচএস | ০৬/৪/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-২য়, ৫ম, ৬ষ্ঠ,৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ১৫। | লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ রফিকুল হাসান | ৩৬৫/১০ | বারিধারা ডিওএইচএস | ৩১/৩/২০২১ | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ১৬। | (ক) নেফছুন নাহার ভুইয়া<br>(খ) ইসরাত জাহান ভুইয়া<br>(গ) শাহানা আক্তার ভুইয়া | ২৩২ | বারিধারা ডিওএইচএস | ০১/৪/২০২১ | সংশোধিত ০৮(আট) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম ও ৮ম তলা) |
| ১৭। | (ক) জনাব মাহমুদ হাসান, চেয়ারম্যান এন্ড সিইও, সানবীম বিল্ডার্স এন্ড ডেভেলপার্স লিঃ<br>(খ) জনাব নাসির উদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক মোহনা ডেভেলপমেন্টস্ লিঃ<br>(জনাব গোলাম কবির তালুকদার এর নিযুক্তীয় আম-মোক্তার) | ৪৩/ডি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা- ফাউন্ডেশন নেই) |
| ১৮। | জনাব মোঃ মনিরুল ইসলাম | সিবি-২০৯ | কচুক্ষেত পুরান বাজার | ২৭/৮/২০২০ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা-আট তলা ফাউন্ডেশন দেয়া আছে) |

আলোচনা: আলোচ্য বিষয়- ১৫(১-১৮) নকশাগুলি অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন।

সিদ্ধান্ত: ১৫.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র সাপেক্ষে নিম্নোক্ত শর্তাধীনে ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৫.২। ক্রমিক নং- ৪ ও ১৩ এ উল্লেখিত ০২(দুই)টি প্লটে ৮(আট) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

১৫.৩। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-১, ২ ও ১৪ এ উল্লেখিত ০৩(তিন)টি প্লটের আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১৫.৪। ক্রমিক নং-৩, ৫, ৮, ৯, ১২ ও ১৮ এ উল্লেখিত ৬(ছয়)টি প্লটে ৭ম তলার উপর ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশার আবেদন করা হয়েছে, যাদের ইতোপূর্বের অনুমোদিত নকশায় ০৮(আট) তলার ফাউন্ডেশন দেয়া ছিল। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রকৌশলীর প্রত্যয়ন এবং প্লট মালিকের অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে ০৮(আট) তলা ভবনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৫.৫। ইতোপূর্বের অনুমোদিত নকশায় ০৮(আট) তলার ফাউন্ডেশন ছাড়া ক্রমিক নং-১০, ১১ ও ১৭ এ উল্লেখিত ৩(তিন)টি প্লটের ৭ম তলার উপর ৮ম তলা, ক্রমিক নং-১৬ এ উল্লেখিত প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম ও ৮ম তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের জন্য আবেদন করা হয়েছে। ক্রমিক নং-৬, ৭ ও ১৫ এ উল্লেখিত ০৩(তিন)টি প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের সংশোধিত নকশা অনুমোদনের জন্য আবেদন করা হয়েছে। উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের নকশাগুলো MIST কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। MIST কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিককে বহন করতে হবে।

আলোচ্যবিষয়-১৬: মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই দেখানো হয়েছে এবং নিচতলায় কার পার্কিংঅনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে ) নকশা প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে অত্র দপ্তর হতে ০৮ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। প্লট মালিকে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট দেখানো হয়েছে এবং নিচতলায় কার পার্কিং অনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে) নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে দাখিল করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৮৮৩ নং প্লটে সংশোধিত নকশায় কার পার্কিং কম/বেশী করা হয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন/সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান<br>এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা। | -- | সভাপতি |
| ২. | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যবিষয়-১৭: মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৮ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট ও কার পার্কিং অনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে ) নকশা প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে সংশোধিত ০৮(আট) তলা (আভ্যন্তরীন পরিবর্তন-৮ম তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট ও কার পার্কিং অনুমোদিত নকশায় ০৮টি কিন্তু বর্তমানে ১০টি দেখানো হয়েছে ) নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ১৬০ নং প্লটে সংশোধিত নকশায় কার পার্কিং কম/বেশী করা হয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন/সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান<br>এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা। | -- | সভাপতি |
| ২. | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যবিষয়-১৮: বাড়ি নির্মাণে উর্ধ্বমুখী সম্প্রসারণের সময় গ্যারেজের বিন্যাস/সংখ্যার বিষয়টি বিবেচনায় নেয়ার জন্য মিরপুর ডিওএইচএস পরিষদের ২২ মার্চ ২০২১ তারিখের ১৭৬৩/ডিওএইচএস/মিরপুর নং পত্র ও ফ্ল্যাট ক্রেতা, প্লট নং-৮৮৩ (ফ্ল্যাট-২,৩,৪/এ, ৪/বি) এর ০৬ এপ্রিল ২০২১ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: বিগত কয়েক বছর যাবত মিরপুর ডিওএইচএস এর বেশ কিছু ডেভেলপার এবং প্লট মালিক কর্তৃক নির্মিত বিল্ডিং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নকশা অনুমোদন সাপেক্ষে উর্ধ্বমুখী সম্প্রসারণ (ভার্টিক্যাল এক্সটেনশন) করেছেন। এই উর্ধ্বমুখী সম্প্রসারণের কারণে নতুন তৈরি ফ্ল্যাটের বিপরীতে গ্যারেজ বরাদ্দ রাখার জন্য অনেক ডেভেলপার এবং প্লট মালিক তাদের মূল নকশায় অনুমোদিত গ্যারেজসমূহের বিন্যাস (লে-আউট) নিজের মতো করে পুনর্বিন্যাস করেছেন। এর ফলে ইতোমধ্যে ক্রয়কারী ফ্ল্যাট ক্রেতাগণের জন্য গ্যারেজের জায়গা সংকুচিত করা হচ্ছে। যার ফলে ফ্ল্যাট ক্রেতা, ডেভেলপার এবং প্লট মালিকের মধ্যে অনেক ক্ষেত্রে বিরোধ দেখা দিচ্ছে। উল্লেখ্য, ০৪ কাঠার প্লটে ০৬টির অধিক গাড়ি সংকুলান হওয়ার কথা নয়। অথচ অধিকাংশ ক্ষেত্রে ডেভেলপার/প্লট মালিকগণ একই পরিমাণ জায়গায় ০৮টি এমনকি ১০টি পর্যন্ত গ্যারেজের বিন্যাস দেখিয়ে ফ্ল্যাট ক্রেতাদের কাছে হস্তান্তর করেছেন। এ ধরণের অনিয়ম অধিকাংশ ক্ষেত্রে ফ্ল্যাট ক্রেতারা মেনে নিচ্ছেন না। ফলে প্রতিনিয়তই তারা পরিষদে এ ব্যাপারে লিখিত অভিযোগ দাখিল করেছেন। উক্ত বিষয়টির গুরুত্ব বিবেচনা করে ভবিষ্যতে অধিকতর গ্যারেজ সংক্রান্ত বিরোধ/জটিলতা এড়ানোর লক্ষ্যে এখন থেকে কোন ধরণের উর্ধ্বমুখী সম্প্রসারণের অনুমোদন দেয়ার সময় মূল নকশায় অনুমোদিত গ্যারেজের বিন্যাস/সংখ্যার লে-আউট যাতে কোন ব্যত্যয় না করা হয় সে বিষয়ে অত্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর যে সকল প্লটে সংশোধিত নকশায় কার পার্কিং কম/বেশী করা হয়েছে, তা সরেজমিন পরিদর্শন করে প্রতিবেদন/সুপারিশ প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান<br>এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা। | -- | সভাপতি |
| ২. | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যবিষয়-১৯: মিরপুর ডিওএইচএস এর ৬৩৩ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা পুনরায় কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬৩৩ ও ৬৩৫ নং প্লটে যৌথভাবে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে ৬৩৩ নং প্লট মালিক এককভাবে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে দাখিল করেন। যা গত ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২৯(১০) এর মাধ্যমে উপস্থাপন করা হলে এমআইএসটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এমআইএসটির ১০ জানুয়ারি ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/ সিই/মিরপুর-৬৩৩/১/২০২১ নং পত্রের মাধ্যমে বর্ণিত ভবনের উপর অতিরিক্ত একতলা নির্মাণ নিরাপদ নয় (বিস্তারিত সংযুক্ত কারিগরী প্রতিবেদন অনুযায়ী) অত্র দপ্তরকে অবহিত করেন। যা প্লট মালিককে অবহিত করা হয়। পরবর্তীতে প্লট মালিক গত ০৬ এপ্রিল ২০২১ তারিখে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক) অনুমোদনের জন্য পুনরায় অত্র দপ্তরে নকশা দাখিল করেন। পুনরায় ভেটিং এর জন্য এমআইএসটি প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৬৩৩ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা পুনরায় কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটি'র যাবতীয় ফি প্লট মালিক কর্তৃক পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-২০: মিরপুর ডিওএইচএস এর ৬৩৫ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা পুনরায় কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬৩৩ ও ৬৩৫ নং প্লটে যৌথভাবে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে ৬৩৫ নং প্লট মালিক এককভাবে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে দাখিল করেণ। যা গত ২৯ সেপ্টেম্বর ২০২০ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-২৯(১১) এর মাধ্যমে উপস্থাপন করা হলে এমআইএসটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এমআইএসটির ১০ জানুয়ারি ২০২১ তারিখের সিএটিএস-এমআইএসটি/সিই/মিরপুর-৬৩৫/১/২০২১ নং পত্রের মাধ্যমে বর্ণিত ভবনের উপর অতিরিক্ত একতলা নির্মাণ নিরাপদ নয় (বিস্তারিত সংযুক্ত কারিগরী প্রতিবেদন অনুযায়ী) অত্র দপ্তরকে অবহিত করেন। যা প্লট মালিককে অবহিত করা হয়। পরবর্তীতে প্লট মালিক গত ০৬ এপ্রিল ২০২১ তারিখে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক) অনুমোদনের জন্য পুনরায় অত্র দপ্তরে নকশা দাখিল করেন। পুনরায় ভেটিং এর জন্য এমআইএসটি প্রেরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: মিরপুর ডিওএইচএস এর ৬৩৫ নং প্লটে সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা আংশিক ৯৫.১২ বর্গমিটার) নকশা পুনরায় কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। কারিগরী ভেটিং বাবদ এমআইএসটি'র যাবতীয় ফি প্লট মালিক কর্তৃক পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-২১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | রজনীগন্ধা সুপার মার্কেটে বৈদ্যুতিক ক্যাবল, জরাজীর্ণ তার ও ভাঙ্গা পোল পরিবর্তন কাজ। | ৬,৩১,৬০১/- | বোর্ড তহবিল | ঘটনোত্তর অনুমোদন। ১৫ মার্চ ২০২১ তারিখর কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের ৬৮/এ নং বাসার (মহাপরিচালকের বাস ভবন) আইপিএস এর ০২টি ব্যাটারী পরিবর্তন করণ কাজ। | ৪৭,১১০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | ঘটনোত্তর অনুমোদন। ১৫ মার্চ ২০২১ তারিখর কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জিয়া কলোনী এমপি চেকপোষ্ট হতে মাটিকাটা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাষ্ট্রপতি জিয়াুর রহমান ফ্লাইওভারের নিচে রাস্তায় রাত্রিবেলা অন্ধকার থাকায় তা আলোকিত করার লক্ষ্যে তার টেনে ফ্লাইওভারের পিআইইআর এর দুই পার্শ্বে এলইডি ফ্লাড/সার্চ লাইট স্থাপন কাজ। | ৭,২০,৪১২/- | বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ২৪ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৪. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও সীমানা প্রাচীর আলোকসজ্জাকরণ (১৬,১৭,১৮,১৯, ২০,২১,২২,২৩,২৪,২৬ ও ২৭ মার্চ ২০২১ =১১ দিন) কাজ। | ৮৭,৭৫০/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | **ঘটনোত্তর অনুমোদন।** ২২ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৫. | রজনীগন্ধা সুপার মার্কেট বিদ্যুৎ উপ-কেন্দ্র-১ এর ১১ কেভি ড্রপআউট ফিউজ, লাইটিং এরিস্টর পরিবর্তন, ট্রান্সফরমার মেগার ও আর্থিং করণ কাজ। | ১,৭৮,২০৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | **ঘটনোত্তর অনুমোদন।** ২৫ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৬. | রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য একটি নতুন জেনারেটর স্থাপন কাজ। | ১,২৮,৫৭১/- | মসজিদের মেরামত ও রক্ষণাবেক্ষণ | **ঘটনোত্তর অনুমোদন।** ২৫ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৭. | মহাখালী ডিওএইচএস এলাকায় নিরাপত্তা বাতি প্রতিস্থাপন কাজ। | ৯০,৮৪২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | **ঘটনোত্তর অনুমোদন।** ২৫ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৮. | ঢাকা সেনানিবাস এলাকায় জরুরি পানি সরবরাহের লক্ষ্যে ৬২ হর্স পাওয়ারের একটি নতুন সাবমারসিবল পাম্প মটর ক্রয়করণ। | ১০,৫৮,৭১৬/- | বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৯. | মিরপুর ডিওএইচএস এর অভ্যন্তরে বিভিন্ন পয়েন্টে ব্যবহারের জন্য বৈদ্যুতিক ভাল্ব সরবরাহ কাজ। | ১,৭০,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল | মিরপুর ডিওএইচএস পরিষদের ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের পত্র। |
| ১০. | ঢাকা সেনানিবাসের এমপি চেকপোষ্টসমূহে মোট ০৬টি হাইজেনিক ওয়াশ পিট ভেঙ্গে অপসারণের কারণে ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৯,৭৭৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | **ঘটনোত্তর অনুমোদন।** ১৬ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১১. | ঢাকা সেনানিবাসের শহিদ সরণিতে ( শহিদ লেঃ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তা হতে গ্যারিসন ট্রাষ্ট ব্যাংকের সম্মুখ পর্যন্ত ডেসকো কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ৮০,০৪০/- | বোর্ড তহবিল (ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ) | **ঘটনোত্তর অনুমোদন।** ০৫ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১২. | আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখে বিমান বাহিনীর গাড়ি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ফুটপাত/রেলিং পুনঃ স্থাপন কাজ। | ৩৮,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ক্ষতিপূরণের জমাকৃত অর্থ) | **ঘটনোত্তর অনুমোদন।** ৩১ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৩. | রজনীগন্ধা সুপার মার্কেটের চেকিং বে এর পশ্চিম প্রান্ত হতে স্বাধীনতা চত্বর এমপি চেকপোষ্ট পর্যন্ত ফুটপাতে জিআই পাইপের রেলিং ও পেভড টাইলস্ স্থাপন এবং স্বাধীনতা সরণির ফুটওভার ব্রিজের নিচে রেলিং মেরামত কাজ। | ৩,৫৮,১০০/- | বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০৭ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৪. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখের রাস্তায় (এভিনিউ-১১) স্পীড ব্রেকার স্থাপন কাজ। | ৩,৩০,৩৬৫/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১৬ মার্চ ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলীর অফিস কক্ষের জন্য ১.৫ টন স্প্লিট টাইপ জেনারেল এসি সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৩০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | **ঘটনোত্তর অনুমোদন।** ০৪ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৬. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহ মসজিদ) এর অবশিষ্ট নির্মাণ কাজ। | ১০,০০,০০,০০০/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৭. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ৪০ ফুট প্রশস্ত রাস্তা (পুরাতন) ১৬/এ (নতুন) এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৪৬,৩৩,২৭২/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৮. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের এভিনিউ-৪(নতুন) (প্লট নং-৭৯২ হতে ৮৩৪) এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ১৩,৯০,৮৬৫/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ১৯. | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের ১২/এ (নতুন) রাস্তা (প্লট নং-১২৩৫ হতে মসজিদ-৪) এবং এভিনিউ-৯(নতুন) রাস্তা, (প্লট নং-১১৩৮ হতে ১১৩৯ পর্যন্ত) এর উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ২৮,৬১,৭৮৪/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২০. | কচুক্ষেত পুরান বাজার এলাকার (মেইন রোড) মিরপুর-১৪ লিংক রোড হতে মুসলিম মডার্ন একাডেমির বাউন্ডারী ওয়াল পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ১১,৫৮,৪১১/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৬৬ হতে পশ্চিম দিকে সিবি-৯৪ পর্যন্ত ম্যানহোল উঁচুকরণসহ কাঁচা রাস্তা পাকা করণ কাজ। | ৭,৫৫,১০৯/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখর কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২২. | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৪২ হতে ৩৯ পর্যন্ত এবং সিবি-১৩/৩ হতে সিবি-১৩/১ পর্যন্ত ড্রেন পরিস্কারসহ রাস্তা পাকা করণ কাজ। | ৫,৫৯,৮৪৮/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখর কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৩. | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৩০ হতে উত্তর দিকে সিবি-১৪১/১ এবং সিবি-৭২ হতে পশ্চিম দিকে সিবি-৪২ পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ২২,৮৫,৮৫১/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখর কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৪. | শহিদ বদিউজ্জামান রোডস্থ ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটরীর পশ্চিম পার্শ্বে পুকুরের চারিদিকে মাটি ভরাট করণ কাজ। | ৩০,০১,৫৮৬/- | অনুদান/বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০৪ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৫. | রজনীগন্ধা সুপার মার্কেটের মাছের আড়তের পশ্চিম ও পূর্ব পার্শ্বে এবং টয়লেটের দক্ষিণ পার্শ্বের কাঁচা রাস্তা পাকা করণ। | ২১,০৬,৬৮৫/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ০১ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৬. | ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটরীর পশ্চিম পার্শ্বের পুকুর হতে পানি অপসারণ কাজ। | ১,৯৯,৫৯৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (বিবিধ) | **ঘটনোত্তর অনুমোদন।** ০৫ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২ (৩য় তলা পশ্চিম পার্শ্ব) বাসা (কঞ্জারভেন্সী অফিসারের বাসা) মেরামত ও রংকরণ কাজ। | ৩,৪৮,৫৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | **ঘটনোত্তর অনুমোদন।** ০৪ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৮. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের উত্তর পূর্ব দিকের ভবনের উত্তর পার্শ্বে বারান্দা নির্মাণ কাজ। | ৩,২১,৭৮৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | **ঘটনোত্তর অনুমোদন।** ১১ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ২৯. | মহাখালী ডিওএইচএস এলাকার ১০ নং রোড এবং ২৬ নং রোড মেরামতসহ কার্পেটিং করণ কাজ। | ৬,৬৭,১১৩/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩০. | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে গ্লাস বিট সহকারে থার্মো প্লাষ্টিক পেইন্ট দ্বারা স্পীড ব্রেকার ও জেব্রা ক্রসিং রংকরণ কাজ। | ৫,১৪,২৪৪/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩১. | মহাখালী ডিওএইচএস এলাকার ২৩ নং রোড মেরামতসহ কার্পেটিং কাজ। | ২৩,০৬,৬৫২/- | অনুদান/ বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩২. | মহাখালী ডিওএইচএস এলাকার লেক রোড, রোড নং-১,১৩,১৪, ১৫, ১৮, ১৯, ২০, ২১, ২২, বিআইএস রোড, সেন্ট্রাল রোডের ড্রেন পরিস্কার কাজ। | ৯,৭৭,৩১৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোড হতে ৯ নং রোড পর্যন্ত পূর্ব ও পশ্চিম পার্শ্বে রাস্তা প্রশস্ত করণ (কার্পেটিং করণ), ড্রেন পরিস্কার করণ, স্ল্যাব নির্মাণ এবং ড্রেনের উপর ফুটপাতে টাইলস্ সরবরাহ ও স্থাপন কাজ। | ৩০,৫৭,৯৮৭/- | বোর্ড তহবিল | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৬/ডি বিল্ডিং এর বাহির পার্শ্বে মেরামতসহ রং করণ, সিঁড়ির মেরামতসহ টাইলস্ এবং ১৬টি বাসা মেরামতসহ টাইলস ও রং করণ কাজ। | ৪৬,৯৩,৭১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩৫. | শহিদ বদিউজ্জামান রোডের ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-১/সি এর নিচতলায় ০৩টি বাসার ফ্লোরে টাইলস্ করণসহ মেরামত ও রং করণ কাজ। | ৯,৩৭,৬৩৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | **ঘটনোত্তর অনুমোদন।** ১২ এপ্রিল ২০২১ তারিখর কার্য্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত। |
| ৩৬. | বনানী সেনানিবাস কবরস্থানে ডিজিটাল সার্ভে করণ এবং মাস্টার প্ল্যান প্রস্তুত করার জন্য কনসালটেন্সি ফি। | ৭,০০,০০০/- | বোর্ড তহবিল | |
| ৩৭. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য ০২(দুই)টি ডেস্কটপ কম্পিউটার ও ০৩(তিন)টি প্রিন্টার ক্রয় করণ। | ২,২৪,৮০০/- | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত | |
| ৩৮. | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার এর পিএ ডেস্ক এর জন্য কলার আইডিসহ একটি ডিজিটাল পিএ টেলিফোন সেট, একটি ৮ পোর্ট এর স্যুইচ (LAN) ও একটি রাউটার ক্রয় ও স্থাপন কাজ। | ৩৭,৫০০/- | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত | |
| ৩৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৮৭(২য় তলা) মেরামত ও রং করণ। | ১,৩৪,৪১২/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | এমইও, ঢাকার ০৯ জানুয়ারি ২০২০ তারিখের পত্র ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | তৎসংযুক্ত নিরাপত্তা প্রহরী জনাব ইউসুফ আলী এর ০৩/১২/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ৪০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৩(২য় তলা) মেরামত ও রং করণ। | ২,১৫,৬২৩/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | এমইও, ঢাকার উচ্চমান সহকারী জনাব মোঃ কামাল হোসেন এর ১১/৪/২০২১ তারিখের আবেদনপত্র। |
| ৪১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০১(২য় তলা) মেরামত ও রং করণ। | ১,৭০,২৭৫/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | সাভূক্যা অধিদপ্তরের হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ নাছার মিয়া এর ২৪/০২/২০২১ তারিখের আবেদনপত্র। |

আলোচনা: ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-২১ এ উল্লেখিত ৪১টি প্রকল্প নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

২১.১: মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ক্রমিক নং-২, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১২, ১৫, ২৬, ২৭, ২৮, ৩২, ৩৪ ও ৩৫ এ উল্লেখিত ১৫(পঁনের)টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩৭ ও ৩৮ এ উল্লেখিত ০২(দুই)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২১.২: ক্রমিক নং-১, ৩, ৮, ৯, ১৩, ১৪, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৯, ৩০, ৩১ ও ৩৩ এ উল্লেখিত ২০(বিশ) টি প্রকল্প প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মিনিটশীটের মাধ্যেমে অনুমোদন করায় ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩৬ এ উল্লেখিত প্রকল্পটি সিএমইএস(আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখিত প্রকল্পসমূহের মূল্যানুমান চূড়ান্ত অনুমোদনসহ প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২১.৩: ক্রমিক নং-৩৯, ৪০ ও ৪১ এ উল্লেখিত ০৩(তিন)টি প্রকল্প পরিত্যক্ত সম্পত্তির সংশ্লিষ্ট তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | মশক নিধন কার্যক্রমের জন্য ম্যালাথিয়ন-৫ ইসি এবং মসকিটন ক্রয় করণ কাজ। | ২৫,৮৫,৩১০/- | রোজ ইন্টারন্যাশনাল | ২৫,৮৪,৬১০/- | বোর্ড তহবিল | ঘটনোত্তর অনুমোদন। ০১ এপ্রিল ২০২১ তারিখের কার্যবিবরণীর মাধ্যমে অনুমোদিত। |
| ২. | মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোডের পশ্চিম পার্শ্বে ১ নং রোড হতে বিএটিবি গেইট পর্যন্ত ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তা মেরামতসহ কার্পেটিং কাজ। | ২০,৭৭,৮৪২/- | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ২০,৭৭,৮৪২/- | ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ | |
| ৩. | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/এ নং রোড মেরামতসহ কার্পেটিং কাজ। | ১১,৭০,৯৬৭/- | মেসার্স এসআরটি কনস্ট্রাকশন | ১১,৭০,৮৪৯/- | বোর্ড তহবিল | |
| ৪. | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের (আল্লাহু মসজিদ) জন্য এসএস সীটের ২০টি জুতা রাখার বক্স সরবরাহ কাজ। | ১,৩৬,০০০/- | মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ | ১,৩৫,৯০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৫. | বারিধারা ডিওএইচএস এলাকার দক্ষিণ-পূর্বাংশে (রোড নং-৯) প্লট নং-৫১৩ হতে ৫১৫ পর্যন্ত বাউন্ডারী ওয়াল মেরামতসহ রং করণ কাজ। | ১,১৭,৮৭১/- | মেসার্স মার্জিয়া ট্রেডার্স | ১,১৭,৮৭১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক কাজ) | |
| ৬. | শহিদ সরণি সংলগ্ন সৌদী কলোনীর রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ২১,৫৪,৯৪৫/- | মেসার্স নাজিম ট্রেডার্স | ২১,৫৩,৮৬৭/- | বোর্ড তহবিল | |



চেম

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭. | ঢাকা সেনানিবাসের বিমান বাহিনী বেস বঙ্গবন্ধু গেইটের দক্ষিণ পূর্ব পার্শ্বে ভিভিআইপিগণের চলাচলের রাস্তায় স্বাধীনতা ও মুক্তিযোদ্ধা ভিত্তিক মুরাল স্থাপনসহ যাত্রী ছাউনি নির্মাণ কাজ। | ২৬,৪৮,৭০০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ২৬,৪৭,৩৭৫/- | বোর্ড তহবিল | |
| ৮. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৮ম, ৯ম ও নিচতলার উত্তর পার্শ্বে পানির লাইন সংযোগ কাজ। | ৯০,৫৮৩/- | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ৯০,৫৮৩/- | বোর্ড তহবিল | |
| ৯. | বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের দক্ষিণ ও পূর্ব পার্শ্বে কেবলসহ দু'টি পিলার স্থাপন কাজ। | ১,৪৩,৭৮৭/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ১,৪৩,৫৭১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১০. | ঢাকা সেনানিবাস এলাকার প্রধান সড়কে সোডিয়াম লাইট সচল রাখার লক্ষ্যে সোডিয়াম লাইট, চোক, ইগনেটর ও ভাল্ব ক্রয়করণ কাজ। | ৩,৫৬,০৩০/- | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৩,৫৫,৫৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১১. | কচুক্ষেত পুরান বাজার এলাকার (মুক্তিযোদ্ধা রোড) সিবি-১৫৩/১ হতে সিবি-১৪১/১ পর্যন্ত রাস্তা কার্পেটিং কাজ। | ১৩,৮৪,৪৩৬/- | মেসার্স অর্পিতা ট্রেডার্স | ১৩,৮৪,৪৩৬/- | বোর্ড তহবিল | |
| ১২. | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৩৭ (পুরাতন) ১২এ ( নতুন ) এর মেরামত ও উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৪২,৬১,৩৮৭/- | মেসার্স সুমন ট্রেডার্স | ৪২,৬১,৩৮৭/- | বোর্ড তহবিল | |
| ১৩. | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৩১/এ (পুরাতন) ১৮ ( নতুন ) এর মেরামত ও উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ৩৪,৬৬,০৬৫/- | মেসার্স এমবি হোসেন এন্ড ব্রাদার্স | ৩৪,৬৫,৭১৮/- | বোর্ড তহবিল | |
| ১৪. | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৩২/এ (পুরাতন) ১৯ ( নতুন ) এর মেরামত ও উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিং কাজ। | ২২,৯২,৭৩১/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ২২,৯১,৫৮৪/- | বোর্ড তহবিল | |
| ১৫. | শহিদ বদিউজ্জামান রোডস্থ ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটরীর পশ্চিম পার্শ্বে বাউন্ডারী দেয়াল নির্মাণ কাজ। | ৬,৬৫,৩০৮/- | মেসার্স জি এন এন্টারপ্রাইজ | ৬,৬৫,৩০৮/- | বোর্ড তহবিল | |
| ১৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের শহিদ সরণির সংযোগ হতে পশ্চিম দিকে ৬৫/ডি নং স্টাফ কোয়ার্টার পর্যন্ত ও ৭ নং রোডের সংযোগ হতে ৮ নং পর্যন্ত এবং ৩ নং কার্পেটিং কাজ। | ২১,৬৫,৩৭৯/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ২১,৫৮,৮৮২/- | বোর্ড তহবিল | |
| ১৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৮(নিচতলা) মেরামত ও রং করণ কাজ। | ১,৯৯,৫৭৬/- | মেসার্স বি এম ট্রেডার্স | ১,৯৯,২৭৬/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-১০৭(নিচতলা) মেরামত ও রং করণ কাজ। | ৯৭,৮৩০/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৯৭,৭৩২/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | |
| ১৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ২ নং পানির পাম্পের হাউজে পানি না থাকায় উক্ত স্থানে ১০০০ ফুট গভীরতায় নতুন গভীর নলকুপ স্থাপন কাজ। | ৯৩,৩০,৫৯৮/- | মেসার্স সাহাবউদ্দিন এন্টারপ্রাইজ | ৯৫,১৮,১২২/- | বোর্ড তহবিল | |
| ২০. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও সীমানা প্রাচীর আলোকসজ্জাকরণ। | ৮৭,৭৫০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৮৭,৭৫০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২১. | নৌ সদর দপ্তর সংলগ্ন বনানী সামরিক কবরস্থানের প্রবেশ পথে পুরাতন লাইট শেড পরিবর্তন করে এলইডি স্ট্রীট লাইট স্থাপন কাজ। | ৩,২০,৬১৪/- | মেসার্স এমএন্ডএম এন্টারপ্রাইজ | ৩,২০,৬১৪/- | বোর্ড তহবিল | |
| ২২. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের ৬৮/এ নং বাসার (মহাপরিচালকের বাসভবন) আইপিএস এর ০২টি ব্যাটারী পরিবর্তন করণ কাজ। | ৪৭,১১০/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ৪৭,০৮৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | |
| ২৩. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর পিছনে সিঁড়ি এলইডি সাইনবোর্ড স্থাপন কাজ। | ৪,৮৭,৮৯১/- | মেসার্স অর্পিতা ট্রেডার্স | ৪,৮৭,৮৯১/- | শপিং কমপ্লেক্সের সালামী | |
| ২৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহিদ বদিউজ্জামান রোড সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের স্টাফদের জন্য নির্মিত ডরমেটরীর নিচতলার উপর দুইতলা নির্মাণ এবং নিচতলা মেরামত কাজ। | ৭০,২৮,৪০০/- | এমএআরসিএস আর্কিটেক্ট এন্ড ইঞ্জিনিয়ার লিঃ | ৭৩,৬৫,৭৬৩/- | অনুদান/ বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৫. | ঢাকা সেনানিবাসের এমপি চেকপোস্টের সম্মুখে মোট ০৬টি হাইজেনিক ওয়াশপিট ভেঙ্গে অপসারণের কারণে ক্ষতিগ্রস্ত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯৯,৭৭৩/- | মেসার্স এসএস ট্রেডার্স | ১,৯৯,৭৭৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | |
| ২৬. | মিরপুর সেনানিবাসের জেসিও'স/ওআরএস কোয়ার্টার এলাকার বিদ্যমান শিশুপার্কের খেলনা মেরামত ও রং করণ কাজ। | ৯৩,৮৮৫/- | মেসার্স আরাফাত এন্টারপ্রাইজ | ৯৩,৮৮৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (জনসাধারণের উন্নয়নমূলক খাত) | |

আলোচনা: আলোচ্যবিষয়-২২ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত: ২২.১: আলোচ্যবিষয়-২২ এর ক্রমিক নং-৪, ৫, ৯, ১০, ২০, ২২, ২৫ ও ২৬ এ বর্ণিত ৮(আট)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২২.২: আলোচ্যবিষয়-২২ এর ক্রমিক নং-২, ৩, ৬, ৭, ৮, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৯, ২১, ২৩ ও ২৪ এ বর্ণিত ১৫(পঁনের)টি প্রকল্পের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পটির দর ঘটনোত্তর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

২২.৩: ক্রমিক নং-১৭ ও ১৮ এ উল্লেখিত প্রকল্প ২(দুই)টি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৩: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫১ নং বাড়ির বিলম্ব ফি মওকুফ করে বকেয়া পানির বিল সংশোধনপূর্বক এককালীন প্রদান করার সুযোগ প্রদানের জন্য প্রকৌশলী মোঃ বেলাল হোসেন সরকার পক্ষে মেজর (অবঃ) মোঃ আশরাফ হোসেন, সেক্রেটারী, জালালাবাদ হোমস্ ওনার্স এসোসিয়েশন এর ০৪ এপ্রিল ২০২১ তারিখের আবেদনপত্র প্রসংগে।

আলোচনা: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫১ নং বাড়ির পানির বিলের বিলম্ব ফি মওকুফ করে বকেয়া বিল সংশোধনপূর্বক এবং ০১টি ফ্ল্যাট খালি থাকায় ১৭টি ফ্ল্যাটের পরিবর্তে ১৫টি ফ্ল্যাটের পানির বিল এককালীন প্রদানের জন্য প্রকৌশলী মোঃ বেলাল হোসেন সরকার পক্ষে মেজর (অবঃ) মোঃ আশরাফ হোসেন, সেক্রেটারী, জালালাবাদ হোমস্ ওনার্স এসোসিয়েশন ০৪ এপ্রিল ২০২১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের প্রতিনিধি কর্তৃক ভবনটি সরেজমিনে পরদর্শন করা হয়। বাড়ির কেয়াটেকার এর সাথে আলোচনায় জানা গেছে ০৭ তলা ভবনে ১৬টি ফ্ল্যাট রয়েছে। নিম্নে ফ্ল্যাটের বিস্তারিত তথ্য উপস্থাপন করা হলোঃ

| | | |
|---|---|---|
| নিচতলা | : | গ্যারেজ (কেয়ারটেকারের বাসস্থান ০১টি) |
| ১ম তলা | : | ০৩টি ফ্ল্যাট |
| ২য় তলা | : | ০৩টি ফ্ল্যাট |
| ৩য় তলা | : | ০৩টি ফ্ল্যাট |
| ৪র্থ তলা | : | ০২টি ফ্ল্যাট |
| ৫ম তলা | : | ০২টি ফ্ল্যাট |
| ৬ষ্ঠ তলা | : | ০৩টি ফ্ল্যাট |
| মোট | : | ১৭টি ফ্ল্যাট ( কেয়ারটেকার রুমসহ) |

মোট ১৭টি ফ্ল্যাটের জন্য পানির বিল ধার্য্য করা হয়। উল্লেখ্য, উক্ত প্লটে ০১/০১/২০২০ হতে ৩১/১২/২০২০ পর্যন্ত বকেয়া পানির বিল মোট (১২ মাস×১৭×৮০০/-) = ১,৬৩,২০০/- টাকা এবং বিল পরিশোধে বিলম্ব হওয়ায় ১৫% সার্জ চার্জ বাবদ ২৪,৪৮০/- টাকাসহ সর্বমোট ১,৮৭,৬৮০/- (এক লক্ষ সাতাশি হাজার ছয়শত আশি) টাকা পানির বিল বকেয়া রয়েছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৮ নং রোডের ৫১ নং বাড়ির পানির বিলের জরিমানা মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হলো। জরিমানা ব্যতিরেকে অবশিষ্ট বিল বিধি মোতাবেক পরিশোধ করতে হবে।

আলোচ্যবিষয়-২৪: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত ইমারতের কারিগরী যোগ্যতা যাচাই ব্যতিরেকে নকশা ফেরত প্রদানের বিষয়ে এমআইএসটি, মিরপুর সেনানিবাসের ০৬ এপ্রিল ২০২১ তারিখের সিএসটিএস-এমআইএসটি/সিই/০৪/২০২১ নং পত্র প্রসংগে।

আলোচনা: মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে অত্র দপ্তরের ০৪ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৬২৭/মিরপুর ডিওএইচএস/১১ নং পত্রের মাধ্যমে ০৬ তলা বাড়ির নকশা অনুমোদন করা হয়। মিরপুর ডিওএইচএস পরিষদের ২২ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৬২৭/ডিওএইচএস/মিরপুর নং পত্রের মাধ্যমে জরুরি ভিত্তিতে এমআইএসটি/বুয়েট থেকে সার্ভে করত: ইমারতটির ঝুঁকি নিরূপন করার জন্য অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ০৯ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১৮.০৩.০৫.মিরপুর-৬২৭.৪৩-১৪৫৯ নং পত্রের মাধ্যমে ইমারতের কারিগরী যোগ্যতা যাচাইয়ের জন্য এমআইএসটিতে প্রেরণ করা হয়। প্লট মালিক কর্তৃক কারিগরী ফি পরিশোধ না করায় এমআইএসটি, মিরপুর সেনানিবাসের ০৬ এপ্রিল ২০২১ তারিখের সিএসটিএস-এমআইএসটি/সিই/০৪/২০২১ নং পত্রের মাধ্যমে নকশা অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়। এমতাবস্থায়, উক্ত ভবনের নিরাপত্তার স্বার্থে নির্মিত ভবনের ভিত্তি সঠিক আছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন। উল্লেখ্য, উক্ত বিল্ডিং নির্মাণকারী প্রতিষ্ঠান নাহার গার্ডেন হোল্ডিং কোং লিমিটেড। বর্তমানে উক্ত প্লটে নির্মিত ভবনটি হেলে/ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৬২৭ নং প্লটে নির্মিত ভবনটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কারিগরী ভেটিং না করা পর্যন্ত উক্ত ভবনে বসবাস করা ঝুঁকিপূর্ণ বিধায় ভবনটি জরুরী ভিত্তিতে খালি করার জন্য প্লট মালিককে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৫: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অটোমেশন সিষ্টেম সফটওয়্যার মেইনটেন্যান্স করার জন্য এটিআই লিঃ কর্তৃক ০৪/০৩/২০২১ খ্রিঃ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে হসপিটাল ম্যানেজমেন্ট সফ্টওয়্যারটি চালু রয়েছে। উক্ত সফ্টওয়্যারটি এটিআই লিঃ কর্তৃক সরবরাহ করা হয়েছে। এটিআই লিঃ এর চীফ টেকনোলজি অফিসার তাঁর ০৪/০৩/২০২১ খ্রিঃ তারিখের আবেদনের মাধ্যমে জানান যে, উক্ত সফ্টওয়্যারটির ওয়ারেন্টি পিরিয়ড পর্যন্ত অর্থাৎ আড়াই বছর পর্যন্ত ফ্রি সার্ভিসিং সেবা প্রদান করা করেছেন। তাঁদের পক্ষে আর ফ্রি সার্ভিসিং সেবা প্রদান করা সম্ভব নয়। একই সাথে উক্ত সফটওয়্যারটির মাসিক মেইনটেন্যান্স ও সাপোর্ট সার্ভিস ফি-৫,০০০/- (পাঁচ হাজার) টাকা প্রদানের জন্য একটি প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সফটওয়্যারটি নিরবচ্ছিন্নভাবে ব্যবহারের জন্য প্রয়শ:ই বিভিন্ন প্রকার কারিগরী সাপোর্ট প্রয়োজন হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ব্যবহৃত হসপিটাল ম্যানেজমেন্ট সফ্টওয়্যারের মেইনটেন্যান্স ও সাপোর্ট বাবদ মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকায় এটিআই লিমিটেড এর সাথে চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৬: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অভ্যন্তরে স্থাপিত ফার্মেসির ভাড়ার মেয়াদ আগামী ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ১০/০৩/২০২১ খ্রিঃ তারিখের আবেদনের মাধ্যমে মেসার্স রায়হান ফার্মা এর স্বত্বাধিকারী জনাব মোঃ রায়হান কর্তৃক হাসপাতালের অভ্যন্তরে স্থাপিত ফার্মেসীটির ভাড়ার মেয়াদ আগামী ০৫ (পাঁচ) বছর পর্যন্ত বৃদ্ধিকরণ বিষয়ক আবেদনপত্রটি সুপারিশসহ অত্র দপ্তরে প্রেরণ করেন। উল্লেখ্য, গত ২২/১২/২০২০ খ্রিঃ তারিখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয়-৫৪ এর মাধ্যমে উক্ত ফার্মেসিটি ০১/০৭/২০২০ হতে ৩০/০৬/২০২১ খ্রিঃ পর্যন্ত মাসিক ৮,৪০০/- টাকা ভাড়ায় মেসার্স রায়হান ফার্মা এর স্বত্বাধিকারী জনাব মোঃ রায়হান এর নিকট ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক অত্র দপ্তরের ০৯/০১/২০২১ খ্রিঃ তারিখের ২৩.২২.৭০০১.০১১.৯৪.০১৪.১৫-২৮২ নং পত্রের মাধ্যমে উক্ত ফার্মেসীটি ০১(এক) বছরের জন্য ভাড়া প্রদান করা হয়।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের অভ্যন্তরে স্থাপিত ফার্মেসিটি জনাব মোঃ রায়হান-কে ০১ জুলাই, ২০২১ হতে ০৩(তিন) বছর মেয়াদে মাসিক ভাড়া ৮,৮২০/- (আট হাজার আটশত বিশ) টাকা হারে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৭: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন স্থায়ী শূন্যপদ/বাজেট অনুমোদিত পদ/আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদের চাকুরি শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদান প্রসংগে।

**ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন স্থায়ী শূন্যপদ/বাজেট অনুমোদিত পদ/আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদের চাকুরি শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদানের নীতিমালা-২০২১:-**

১. প্রেক্ষাপটঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত ০১টি হাসপাতাল, ০১টি কলেজ ও ০৫টি বিদ্যালয়ে মোট অনুমোদিত স্থায়ী পদের সংখ্যা-৮৪২টি এবং বাজেট অনুমোদিত পদের সংখ্যা-৪২টি। বোর্ডের জরুরী প্রয়োজনে বিভিন্ন সময় শূন্য পদের বিপরীতে মাসিক নির্ধারিত বেতনে অস্থায়ী কর্মচারী নিয়োগ করা হয়ে থাকে। তাঁদেরকে নির্ধারিত বেতনের ৫০% হারে ০২টি উৎসব ভাতা ও ২০% হারে নববর্ষ ভাতা প্রদান করা হয়। বর্তমানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত বিভিন্ন প্রতিষ্ঠানে ৮৯ (উননব্বই) জন এবং বাজেট অনুমোদিত পদের বিপরীতে ৪২ (বিয়াল্লিশ) জন কর্মচারী সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কর্মরত আছেন। এছাড়া ১৬০ জন আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক কর্মরত আছেন। অস্থায়ী কর্মচারীগণ দীর্ঘকাল চাকুরী শেষে পেনশন বা অন্য কোন আর্থিক সুবিধা প্রাপ্ত হন না। যার ফলে দীর্ঘ চাকুরী জীবন শেষে অনেকটা শূন্য হাতেই অবসর জীবনে যেতে হয়। এর ফলে অনেকেই মানবেতর জীবন যাপন করতে বাধ্য হন।

২. শিরোনামঃ এই নীতিমালা স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদের চাকুরী শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদানের নিমিত্ত ভাতার হার, ভাতার ফান্ডিং, চাকুরীর বয়সসীমা ইত্যাদি নির্ধারণ বিষয়ক নীতিমালা হিসেবে গণ্য হবে। এ ভাতা কোন কর্মচারী তাদের পাওনা হিসাবে দাবি উত্থাপন করতে পারবে না। উক্ত ফান্ডে স্থিতি থাকা সাপেক্ষ চাকুরী সন্তোষজনক ও বোর্ড সম্মত হলে ভাতা মঞ্জুর করা যাবে।

৩. ভাতা/গ্র্যান্ট প্রদানের ফান্ড নির্ধারণঃ স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদের চাকুরী শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদানের জন্য একটি কল্যাণ ফান্ড/তহবিল গঠন করতে হবে। উক্ত তহবিলে প্রত্যেক অর্থবছরে অন্তত ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা বোর্ডের স্থানীয় আয়/ বোর্ড ফান্ড হতে কল্যান ফান্ডে স্থানান্তর করতে হবে।

৪. চাকুরীর বয়সসীমাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদেরকে চাকুরী শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রাপ্তির ক্ষেত্রে সর্বনিম্ন নিরবচ্ছিন্ন চাকুরীকাল ১০ (দশ) বছর হতে হবে। নিরবচ্ছিন্ন চাকুরীকাল ১০, ১৫ বা ২০ বছর পূর্তিতে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদান করতে হবে। স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারী যে বয়সেই নিয়োগ হোন না কেন সাধারণভাবে তার বয়স ৫৫ বছর পূর্ণ হলে চাকুরীতে অযোগ্য (কোন কর্মচারীর শারীরিক সক্ষমতা/ কর্মক্ষমতায় বিবেচনার ব্যত্যয় যোগ্য) হিসেবে গণ্য হবে।

৫. ভাতা/গ্র্যান্টের হারঃ স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীগণ চাকুরী শেষে নিরবচ্ছিন্ন চাকুরীকাল ১০, ১৫ বা ২০ বছর পূর্তিতে উক্ত ফান্ডে স্থিতি থাকা সাপেক্ষ নিম্নবর্ণিত হারে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রাপ্য হবেনঃ-

(ক) নিরবচ্ছিন্ন চাকুরীকাল ১০ (দশ) বছর বা তদূর্দ্ধ কিন্তু ১৫ বছরের কম হলে এককালীন সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।

(খ) নিরবচ্ছিন্ন চাকুরীকাল ১৫ (দশ) বছর বা তদূর্দ্ধ কিন্তু ২০ বছরের কম হলে এককালীন সর্বোচ্চ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা।

(গ) নিরবচ্ছিন্ন চাকুরীকাল ২০ (বিশ) বছর বা তদূর্দ্ধে এককালীন সর্বোচ্চ ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা।

৬. দ্রষ্টব্যঃ স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ / আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীর মৃত্যুজনিত কারণে তাঁর বৈধ ওয়ারিশগণ এ নীতিমালার আলোকে এককালীন উক্ত ফান্ডে স্থিতি থাকা সাপেক্ষ ভাতা/গ্র্যান্ট প্রাপ্য হবেন। ভবিষ্যতে স্থায়ী শূন্য পদ/বাজেট অনুমোদিত পদ/ আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত প্রতিষ্ঠানসমূহে বিভিন্ন স্থায়ী শূন্যপদ/বাজেট অনুমোদিত পদ/আর্মি কঞ্জারভেন্সিতে চুক্তিভিত্তিক পদের বিপরীতে কর্মরত কর্মচারীদের চাকুরি শেষে এককালীন ভাতা/গ্র্যান্ট প্রদান সংক্রান্ত নীতিমালা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-২৮: ঢাকা সেনানিবাসের আওতাধীন প্রধান সড়কে নিরাপত্তাসহ সুষ্ঠুভাবে যানবাহন চলাচলের সুবিধার্থে (লজিস্টিকস এরিয়া/আর্মি এমপি ইউনিট)-কে বিভিন্ন মালামাল সরবরাহ প্রসংগে।

আলোচনা: ঢাকা সেনানিবাসের আওতাধীন প্রধান সড়কে নিরাপত্তাসহ সুষ্ঠুভাবে যানবাহন চলাচলের সুবিধার্থে রাস্তায় ব্যবহারের জন্য আর্মি এমপি ইউনিটের ২৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩. ২২২.০১.২৫.০২.২১ নং পত্রের প্রেক্ষিতে ১১,৯২,৮৪০/- টাকার মূল্যানুমান প্রস্তুত করে ১৬/০৩/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে ও লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের ১৪ জানুয়ারি ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২.১৩৫.৩৭.০১.১৪.০১.২১ নং পত্রের প্রেক্ষিতে ১১,১৫,৯০০/- টাকার মূল্যানুমান ১১/০২/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে এবং ৪,৮৫,২০০/- টাকার মূল্যানুমান ১৫/০৩/২০২১ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদিত হয়। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা হবে। অত:পর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২৪ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.০০০০.০২৭.০১৪.০৪১(১).২১.৪২-১০২ নং পত্রের মাধ্যমে চাহিদাকৃত মালামাল ক্রয়ের লক্ষ্যে এমপি ইউনিটের কোন বাজেট সংস্থান আছে কিনা সে বিষয়ে নিশ্চিত হয়ে জানানোর জন্য অনুরোধ করা হয়। অত্র দপ্তরের ২৮ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১১.৩৮.১২.১৯.১৩.৫৫৪ নং পত্রের মাধ্যমে উক্ত বিষয়ে লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের মতামত চাওয়া হলে লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের ৩১ মার্চ ২০২১ তারিখের ২৩.০১.৯০১.৬৫৫.০২. ১৩৫.৩৭.০১.৩১.০৩.২১ নং পত্রের মাধ্যমে চাহিদাকৃত মালামাল ক্রয়ের লক্ষ্যে উক্ত ইউনিটের কোন বাজেট সংস্থান নেই বিধায় অত্র দপ্তরের সহযোগিতা কামনা করেছেন। বিষয়টি অত্র দপ্তরের ৩১ মার্চ ২০২১ তারিখের ২৩.২২.৭০০১.০১১.৩৮. ১২.১৯.১৩.১৬ নং পত্রের মাধ্যমে সদয় অবগতির জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ১১ এপ্রিল ২০২১ তারিখের ২৩.২২.০০০০.০২৭. ০১৪.০৪১(১).২১.৫৪-১২৭ নং পত্রের মাধ্যমে আর্মি এমপি ইউনিটের চাহিদাকৃত অতি প্রয়োজনীয় বিশেষ দ্রব্যের তালিকা প্রস্তুত করত: বোর্ডসভায় উপস্থাপন করে সিদ্ধান্তসহ সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে পুন:প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে আর্মি এমপি ইউনিট ও লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের চাহিদাকৃত অতি প্রয়োজনীয় বিশেষ দ্রব্যের তালিকা নিম্নে প্রদত্ত হলোঃ-

<u>লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের চাহিদাকৃত মালামালের তালিকা</u>

| ক্র/নং | কাজের বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | স্বাধীনতা চত্বর এমপি চেকপোষ্টে অবস্থিত বাজার মনিটরিং সেলের জন্য কম্পিউটার প্রিন্টার | ০১টি | ১৪০০০/- | ১৪০০০.০০ |
| ২. | ওয়ার্নিং লাইট (স্ট্যান্ডসহ) (Model:FHR০১২) | ১০টি | ৪০০০/- | ৪০০০০.০০ |
| ৩. | বুটার লাইট | ৩০টি | ৭৮৬৫/- | ২৩৫৯৫০.০০ |
| ৪. | নো এন্ট্রি টেপ | ২০০ফুট | ৫০/- | ১০০০০.০০ |
| ৫. | লাল রং | ১৫ গ্যালন | ১৫৯০/- | ২৩৮৫০.০০ |
| ৬. | সাদা রং | ১৫ গ্যালন | ১৫৯০/- | ২৩৮৫০.০০ |
| ৭ | কালো রং | ১৫ গ্যালন | ১৫৯০/- | ২৩৮৫০.০০ |
| ৮. | রশি (নাইলন) | ১০০কেজি | ২৯০/- | ২৯০০০.০০ |
| ৯. | রোড ডিভাইডার বড় (লাল, হলুদ) | ৬০ টি | ১৬৯০/- | ১০১৪০০.০০ |
| ১০. | হানিকম্ব টেপ (লাল, হলুদ এবং সাদা) | ১৮০০ বর্গফুট | ৩২০/- | ৫৭৬০০০.০০ |
| ১১. | এ্যালুমিনিয়াম পাইপ | ১০০ফুট | ৩৮০/- | ৩৮০০০.০০ |
| | | | মোট= | ১১,১৫,৯০০.০০ |

**কথায়: এগার লক্ষ পনের হাজার নয়শত টাকা মাত্র।**

| ক্র/নং | কাজের বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | রং লাল | ৩০ গ্যালন | ১৫৯০/- | ৪৭৭০০.০০ |
| ২. | রং কালো | ৩০ গ্যালন | ১৫৯০/- | ৪৭৭০০.০০ |
| ৩. | রং সাদা | ৩০ গ্যালন | ১৫৯০/- | ৪৭৭০০.০০ |
| ৪. | রং সিলভার | ৩০ গ্যালন | ১৫৯০/- | ৪৭৭০০.০০ |
| ৫. | হানিকম্ব টেপ | ৯২০ বঃফুট | ৩২০/- | ২৯৪৪০০.০০ |
| | | | মোট = | ৪,৮৫,২০০.০০ |

কথায়ঃ চার লক্ষ পঁচাশি হাজার দুইশত টাকা মাত্র

## আর্মি এমপি ইউনিটের চাহিদাকৃত মালামালের তালিকা

| ক্র/নং | কাজের বিবরণ | পরিমাণ | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | স্পেয়ার ব্যাটারী ২৪ এম্পস্ (মডেল নম্বর ডিপি-৩৪৪১, ব্রান্ড: মটোরলা) | ৬০টি | ১০১৫৩/- | ৬০৯১৮০.০০ |
| ২. | ব্যাটারী ক্লিপ(মডেল নম্বর ডিপি-৩৪৪১, ব্রান্ড: মটোরলা) | ৬০টি | ৭৬৫/- | ৪৫৯০০.০০ |
| ৩. | মাল্টি ইউনিট চার্জার (WPLN-41954) | ০১টি | ৯২৭৫০/- | ৯২৭৫০.০০ |
| ৪. | রিমোট স্পীকার মাইক্রোফোন (PMMN-4071) | ২০টি | ১৫০২৯/- | ৩০০৫৮০.০০ |
| ৫. | এয়ারপিস এবং সারভাইলেন্স কিট (PMLN-5726) | ১০টি | ১৪৪৪৩/- | ১৪৪৪৩০.০০ |
| | | | মোট = | **১১,৯২,৮৪০.০০** |

কথায়ঃ এগার লক্ষ বিরানববই হাজার আটশত চল্লিশ টাকা মাত্র

এ প্রসংগে আলোচনায় জানা যায় যে, যানবাহন মামলা নিষ্পত্তি খাত হতে ২০১৯-২০২০ আর্থিক সালে ১,২৮,৫৫,৩৫২/- (এক কোটি আটাশ লক্ষ পঞ্চান্ন হাজার তিনশত বায়ান্ন) টাকা এবং ২০২০-২০২১ আর্থিক সালে মার্চ ২০২১ পর্যন্ত ১,৩০,০০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ) টাকা আয় হয়।

**সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের আওতাধীন প্রধান সড়কে নিরাপত্তাসহ সুষ্ঠুভাবে যানবাহন চলাচলের সুবিধার্থে রাস্তায় ব্যবহারের জন্য আর্মি এমপি ইউনিট ও লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিটকে তালিকায় বর্ণিত প্রয়োজনীয় চাহিদাকৃত মালামাল সংগ্রহ/ক্রয় করার লক্ষ্যে সর্বমোট (১১,১৫,৯০০.০০ +৪,৮৫,২০০.০০+ ১১,৯২,৮৪০.০০)= ২৭,৯৩,৯৪০/-(সাতাশ লক্ষ তিরানব্বই হাজার নয়শত চল্লিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ভবিষ্যতে এ সমস্ত ব্যয়ের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

**আলোচ্যবিষয়-২৯:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ০২(দুই) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) নিয়োগের ঘটনাত্তোর অনুমোদন প্রদান প্রসংগে।

**আলোচনা:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে স্থায়ীভাবে লোক নিয়োগ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত প্রার্থীদ্বয়ের নামের পার্শ্বে উল্লিখিত পদ, মাসিক নির্ধারিত বেতন ও তারিখ হতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা কর্তৃক ০১/০৪/২০২১ খ্রিঃ ও ১১/০৪/২০২১ খ্রিঃ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে নিয়োগের অনুমোদন প্রদান করেন। কার্যবৃত্তপত্রের অনুমোদনের প্রেক্ষিতে উক্ত প্রার্থীদ্বয়কে বর্ণিত তারিখ অনুযায়ী নিয়োগপত্র ইস্যু করা হয়েছেঃ-

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবিরুল ইসলাম<br>পিতা-মোঃ হুমায়ুন কবীর<br>মাতা-মরিয়ম বেগম<br>গ্রাম-শ্যামনগর, পোঃ-পাঠানবাজার<br>থানা-মতলব, জেলা-চাঁদপুর। | কার্যসহকারী কাম-ড্রাফটস্ম্যান | ১২,০০০/- | ০১/০৫/২০২১ | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড (প্রকৌশল শাখা) |
| ২। | জনাব সুচনা আক্তার<br>পিতা-মোঃ সুরুজ মিয়া<br>মাতা-মরিয়ম বেগম<br>বাসা নং-২৬/ডি, রোড নং-০৪<br>ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার,<br>ঢাকা সেনানিবাস। | ডার্করুম সহকারী | ১২,০০০/- | ০১/০৪/২০২১ | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল |

**সিদ্ধান্ত:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল- এর ০২ (দুই) টি শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (মাস্টার রোল) নিয়োগের ঘটনোত্তর অনুমোদন-প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩০: ঢাকা সেনানিবাসের আওতাধীন বিভিন্ন কঞ্জারভেন্সী কাজের নিম্নবর্ণিত মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

| ক্র:নং | কাজের বিবরণ | মূল্যানুমান | ব্যয়ের খাত | **মন্তব্য** |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ এবং এর যন্ত্রাংশ ক্রয়সহ মেরামত ও প্রতিস্থাপন কাজ। | ৪৪,৪২০/- | সাধারণ কঞ্জারভেন্সী | ঘটনোত্তর অনুমোদন ২৪/৩/২০২১ তারিখে কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন |
| ২. | ঢাকা সেনানিবাসস্থ আর্মি এভিয়েশন এলাকায় ডাস্টবিন নির্মাণ কাজ। | ১,৯৮,০০০/- | সাধারণ কঞ্জারভেন্সী | ঘটনোত্তর অনুমোদন ০৮/৩/২০২১ তারিখে কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন |
| ৩. | বিএএফ কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ট্রাক ঢাকা মেট্রো-৮৩৯৪ নং ট্রাকের জন্য একটি রিকন্ডিশন ইঞ্জিন ক্রয়, চেসিসি এর ক্রসবার মেরামত ও ওয়্যারিং কাজ। | ১,২৫,০০০/- | বিএএফ কঞ্জারভেন্সী | |
| ৪. | বিএটিসি কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ নং ট্রাক মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় ও সংযোজন। | ১,০৫,০০০/- | বিএটিসি কঞ্জারভেন্সী | |
| ৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় ও প্রতিস্থাপন কাজ। | ১,৩০,২৬০/- | বিএটিসি কঞ্জারভেন্সী | ঘটনোত্তর অনুমোদন ৩১/৩/২০২১ তারিখে কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন |

আলোচনা: ঢাকা সেনানিবাসের পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধনের জন্য উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়ন করা প্রয়োজন বিধায় মূল্যানুমান প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে।

সিদ্ধান্ত: আলোচ্যবিষয়-৩০ এর ক্রমিক নং-১, ২ ও ৫ এ উল্লেখিত ৩(তিন)টি প্রকল্পের মূল্যানুমান ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩ ও ৪ এ উল্লেখিত ২(দুই)টি প্রকল্পের দর অনুমোদন করা হলো। বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্তঃ পরিশিষ্ট-'ক'

২২/৪/২১

**(মোহাম্মদ গোলাম কিবরিয়া)**
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

22/8/21

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সেলিম মাহমুদ, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

**পরিশিষ্ট-'ক'**

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম মনিরুজ্জামান, (ট্যাজ), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন হাসান আশরাফুজ্জামান, এএফডব্লিউসি, পিএসসি, জিডি(পি)<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল সৈয়দ ওবায়দুল্লাহ হেল সাফী, এএফডব্লিউসি, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | লেঃ কর্ণেল মুহাম্মদ মোসতাক আহমদ, বিএসপি, পিএসসি<br>এএএন্ডকিউএমজি, সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | লেঃ কর্ণেল মোঃ মেজবাহ উদ্দিন খান<br>এএএন্ডকিউএমজি, সিএমএইচ, ঢাকা<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | মেজর রাশেদ মাহমুদ, আর্টিলারী<br>এডহক স্টেশন সদর দপ্তর, মিরপুর, ঢাকা<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | মেজর স্মৃতি দত্ত, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৮) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৯) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (১০) | জনাব এম জামাল হোসেন<br>নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |